কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

সোমবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫১ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ২২ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
১২ জুন ২০২৩

১১ জুন শুধু শেখ হাসিনার নয়, গণতন্ত্রের মুক্তি দিবস

নিজস্ব প্রতিবেদক : তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, '১১ জুন একটি ঐতিহাসিক দিন। ২০০৮ সালের এই দিনে বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনা দীর্ঘ ১১ মাস কারাভোগের পর মুক্তি লাভ করেছেন।' তিনি বলেন, 'প্রকৃতপক্ষে গণতন্ত্রকে

২-এর পাতায় দেখুন

খালেদা জিয়া সুস্থ হলে বাকি সাজা খাটতে হবে

নিজস্ব প্রতিবেদক : বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া নির্বাচন করতে পারবেন না এবং সুস্থ হলে তাকে বাকি সাজা খাটতে হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া অসুস্থ, তাই তাকে শর্ত সাপেক্ষে মুক্তি দেওয়া

২-এর পাতায় দেখুন

নির্বাচনকালীন সরকার হবে কি না আমরা জানি না

নিজস্ব প্রতিবেদক : জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জিএম) কাদের বলেছেন, নির্বাচনকালীন সরকার হবে কি না আমরা জানি না। তিনি বলেন, আমাদের শাসন পদ্ধতিতে সব ক্ষমতা কেন্দ্রীভূত থাকে প্রধানমন্ত্রীর হাতে। মন্ত্রিসভায় কে থাকল,

২-এর পাতায় দেখুন

বিএনপির অপরাজনীতির নীতি প্রহসন ও প্রতারণা

নিজস্ব প্রতিবেদক : আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রহসন ও প্রতারণা বিএনপির অপরাজনীতির নীতি। তারা জনগণের সঙ্গে প্রতারণা করতে করতে নিজেরাই প্রতারণার গোলকধাঁধায় দিশেহারা।

গতকাল রোববার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের প্রহসনমূলক বিভ্রান্তিকর বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানাতেই এই বিবৃতি প্রদান করা হয়।

ওবায়দুল কাদের বলেন, কপটতা, শঠতা ও প্রতারণাপূর্ণ রাজনৈতিক কৌশলের জন্য জনগণ তাদের উপর আস্থা হারিয়েছে। গণতন্ত্র, সংবিধান ও মানুষের ভোটাধিকার নিয়ে বারবার

২-এর পাতায় দেখুন

কারও কাছে মাথা নোয়াব না : প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেক : মুক্তিযুদ্ধে বিজয়ী জাতি কারও কাছে মাথা নত করে চলবে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে রোববার মাধ্যমিক থেকে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম উদ্বোধন, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ-২০২৩-এর সেরা মেধাবী পুরস্কার ও বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার অ্যাওয়ার্ড-২০২২ প্রদান অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে দেয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, 'আজকে যারা, মানে আমি মনে করি যে, এই যে মেধাবীদের খুঁজে বের করা হলো এবং যাদের আমরা বৃত্তি, উপবৃত্তি দিচ্ছি, তাদেরকে আবারও অভিনন্দন জানাই্একচল্লিশের বাংলাদেশ, যে উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ হবে, স্মার্ট বাংলাদেশ। অর্থাৎ স্মার্ট জনগোষ্ঠী, স্মার্ট সরকার, অর্থাৎ, স্মার্ট পিপল, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনমি, স্মার্ট সোসাইটি।'

বৃত্তিপ্রাপ্তদের উৎসাহ দিয়ে সরকারপ্রধান বলেন, "আজকে আমার ছেলে-মেয়েরা যারা, এরাই তো ভবিষ্যৎ।

ঈদের আগে বাড়ছে রেমিট্যান্স প্রবাহ, দৈনিক গড়ে আসছে ৬৯৪ কোটি টাকা

নিজস্ব প্রতিবেদক : পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে জুন মাসে প্রবাসী আয়ে (রেমিট্যান্স) গতি বেড়েছে। চলতি জুন মাসের প্রথম ৯ দিনে রেমিট্যান্স এসেছে ৫৭ কোটি ৫৬ লাখ ৮০ হাজার ডলার। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ ৬ হাজার ২৪৫ কোটি টাকা (প্রতি ডলার ১০৮ টাকা ৫০ পয়সা ধরে)। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদন বলছে, চলতি মাসের প্রথম ৯ দিনে ৫৭ কোটি ৫৬ লাখ ৮০ হাজার ডলার বা ৬ হাজার ২৪৫ কোটি টাকার প্রবাসী আয় এসেছে দেশে। মাসটিতে প্রতিদিন আসছে প্রায় ৬ কোটি ৪০ লাখ ডলার বা ৬৯৪ কোটি টাকা। রেমিট্যান্স আসার

২-এর পাতায় দেখুন

ICC WORLD TEST CHAMPIONSHIP FINAL 2023

ফের ফাইনালে স্বপ্নভঙ্গ ভারতের, টেস্টে বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া

ক্রীড়া প্রতিবেদক : অস্ট্রেলিয়ার পাহাড় টপকাতে হলে ভারতকে বিশ্বরেকর্ড গড়তে হতো। চতুর্থ দিনের শেষ সেশনে এই পাহাড়ি পথ ধরেই হাঁটছিল রোহিত শর্মার দল! বিশেষ করে বিরাট কোহলি-আজিঙ্কা রাহানে জুটিতে ভারতের আশার পালে হাওয়া লেগেছিল। তবে দিন শেষে রাতের বিরতিতেই যেন ভারতের ঘরে লুট-পাট! পঞ্চম দিনে নতুন করে শুরু করার সুযোগ পেয়েও ব্যর্থ এই দুই অভিজ্ঞ ব্যাটার। উল্টো খানিকটা তাড়া-হুড়া করে বিপদ ডেকে নিয়ে আসলেন। তাতে পথ হারালো দলও। ৭ উইকেট হাতে নিয়ে দিন শুরু করা ভারতের ইনিংস টিকলো আজ মাত্র দুই ঘন্টা! ফলে টানা দুইবার সাদা পোশাকে শিরোপার খুব কাছে গিয়েও তা আর ছোঁয়া হলো না ভারতের। অন্যদিকে প্রথমবার ফাইনাল খেলতে নেমেই শিরোপার দেখা পেল অস্ট্রেলিয়া। টেস্ট চ্যাম্পিয়ন হয়ে নতুন একটা রেকর্ডও গড়েছে অজিরা। ক্রিকেট ইতিহাসের প্রথম এবং একমাত্র দল হিসেবে তিন সংস্করণের ক্রিকেটে একই সময়ে চ্যাম্পিয়নের স্বাদ পেল তারা।

আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে নিরপেক্ষ ভেন্যু ইংল্যান্ডের দ্য ওভালে টস হেরে শুরুতে ব্যাটিংয়ে নেমে ৪৬৯ রান তুলেছিল অস্ট্রেলিয়া। জবাবে ২৯৬ রানের বেশি করতে পারেনি ভারত। ফলে ১৭৩ রানের লিড নিয়ে দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমেছিল অস্ট্রেলিয়া। সেখানে ৮ উইকেটে ২৭০ রান করে ইনিংস ঘোষণা করে অজিরা। ৪৪৪ রানের বড় লক্ষ্য তাড়ায়

২-এর পাতায় দেখুন

কালীগঞ্জে করোনার টিকা স্বেচ্ছাসেবকদের টাকা আত্মসাতের অভিযোগ

কালীগঞ্জ প্রতিনিধি : ঝিনাইদহে করোনাকালীন টিকা দেওয়ার কাজে দ্বায়িত্ব পালন করা স্বেচ্ছাসেবকদের নামে বরাদ্দ টাকা আত্মসাৎ করার অভিযোগ উঠেছে। ২০২১ সালের আগষ্ট থেকে করোনার টিকা দেওয়া শুরু হয়। এসময় জেলার ছয় উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ও পৌরসভার অধিনে স্বেচ্ছাসেবকরা টিকা দেওয়ার কাজে সহযোগীতা করে। ২০২২ সালের জুন পর্যন্ত স্বেচ্ছাসেবকদের দৈনিক জনপ্রতি ৩৫০ টাকা করে নির্ধারন করা হয়। পরে ওই বছরের জুলাই থেকে জনপ্রতি ৪০০ টাকা করে নির্ধারণ করে। এসব স্বেচ্ছাসেবকদের টাকার একটি অংশ প্রদান করে বেসরকারী সংস্থা ব্রাক এর একটি

২-এর পাতায় দেখুন

নির্বাচন ঘিরে খুলনা সিটিতে কঠোর নিরাপত্তা বলয়

এম রোমানিয়া : খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) নির্বাচনে ভোটগ্রহণকে ঘিরে সব ধরনের প্রস্তুতি নেয়া শেষ করেছে নির্বাচন কমিশন। নির্বাচনে আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় ৮ হাজার ৩০০ সদস্য মোতায়েন করা হয়েছে।

নির্বাচন সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নগরীতে টহল দিচ্ছে বিজিবির ১১ প্লাটুন সদস্য। নির্বাচনের দিন ভোট কেন্দ্র ও নগরীর নিরাপত্তায় দায়িত্ব পালন করবেন পুলিশ, র‍্যাব, বিজিবি, আনসারসহ আইনশৃংখলা বাহিনীর প্রায় ৮ হাজার ৩০০ জন সদস্য। নির্বাচনী মাঠে থাকবেন ৪৪ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং ১০ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট। ভোট কেন্দ্রগুলোতে স্থাপন করা হয়েছে ২ হাজার ৩০০টি ক্লোজ সার্কিট ক্যামেরা। ইভিএম মেশিন প্রয়োজন হচ্ছে প্রায় ৩ হাজার।

আজ খুলনা ও বরিশাল সিটিতে ভোট সতর্ক আইনশৃঙ্খলা বাহিনী

নিজস্ব প্রতিবেদক : খুলনা ও বরিশাল দুই নগরীতে কে হবেন নগরপিতা এমন আলোচনাই হচ্ছে দুই সিটিতে। জমজমাট প্রচারণা শেষে নগরজুড়ে উৎসবের আমেজ যেমন আছে তেমনি শঙ্কাও আছে ভোটারদের মধ্যে। এদিকে ভোট উপলক্ষ্যে সতর্ক অবস্থায় রাখা হয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীকে। খুলনায় ২৮৯টি ভোটকেন্দ্রের মধ্যে ১৬১টিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে মেট্রোপলিটন পুলিশ। ভোটের দিন নগরে থাকবে ৩ হাজার ৯০০ পুলিশ ও ৪ হাজার ৬০০ আনসার। এছাড়া টহল দেবে বিজিবি ও র‍্যাব। থাকছে ১৬টি চেকপোস্ট। খুলনা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. মাসুদুর রহমান ভুঁইয়া বলেন, চেকপোস্টের মূল উদ্দেশ্য হলো-কোন মানুষ যেন বিস্ফোরক দ্রব্য বা অস্ত্র-শস্ত্র নিয়ে অত্র এলাকায় ঢুকতে না পারে সেটা জোরদার করা। এছাড়া অবৈধ কোন গাড়ি যেন নির্বাচনের সময় ব্যবহৃত হতে না পারে ট্রাফিক পুলিশ ম্যানেজম্যান্ট আরও জোরদার করা হয়েছে। এবার ভোট হবে ইভিএমে। সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণ

২-এর পাতায় দেখুন

মেহেরপুরে ১শ'৩৩ প্রতিবন্ধীকে হুইল চেয়ার প্রধান

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত হুইল চেয়ার, ট্রাই সাইকেল ও বিশেষ বরাদ্দকৃত হুইল চেয়ার
প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে বিনামূল্যে বিতরণ

মেহেরপুর প্রতিনিধি : মেহেরপুরে ১৩৩ জন প্রতিবন্ধীকে হুইলচেয়ার ও সাতজনকে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। রবিবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে জেলা প্রশাসন এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আয়োজনে হুইলচেয়ার ও বাইসাইকেল বিতরণ করা হয়। হুইলচেয়ার ও বাইসাইকেল বিতরণ অনুষ্ঠানে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম পিপিএম, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক গোলাম রাব্বি প্রমুখ।

কালীগঞ্জে সরকারি টিকার মান নিয়ে প্রশ্ন ইপিআই কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ

কালীগঞ্জ প্রতিনিধি : ঝিনাইদহের কালীগঞ্জ সরকারি হাসপাতালে তাপমাত্রাসহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ছাড়াই বিভিন্ন ধরনের টিকা ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক ও টিকা কেন্দ্রগুলোতে পৌঁছে দিচ্ছেন বহনকারীরা। সপ্তাহের নির্দিষ্ট দিনে

২-এর পাতায় দেখুন

ইউনিফর্ম না থাকায় অর্ধ-বার্ষিক পরীক্ষা দিতে দেওয়া হলো না শতাধিক শিক্ষার্থীর

শৈলকুপা সরকারী ডিগ্রী কলেজ
এসো শেখার জন্য, বেরিয়ে যাও সেবার জন্য

শৈলকুপা প্রতিনিধি : কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান না করায় ঝিনাইদহের শৈলকুপা সরকারি ডিগ্রি কলেজের শতাধিক পরীক্ষার্থীদের পরীক্ষার হল থেকে বের করে দিয়েছে কলেজ কতৃপক্ষ। পরীক্ষায় অংশগ্রহন করতে না দিয়ে তাদেরকে বাইরে দাড় করিয়ে রাখা হয় বলে শিক্ষার্থীরা অভিযোগ করেন। তবে কলেজ কর্তৃপক্ষ জানান, অনেক দিন থেকে তাদের ড্রেস কোড মেনে কলেজে আসার জন্য তাগিদ দেওয়া হয়। কিন্তু শিক্ষার্থীরা তা না মানায় এ পদক্ষেপ নেওয়া হয়েছে। ঘটনাটি রবিবার একাদশ শ্রেণির আইসিটি পরীক্ষা চলাকালিন সময়।

জানা যায় শৈলকুপা সরকারী ডিগ্রী কলেজে একাদশ শ্রেণিতে ৪ শতাধিক পরীক্ষার্থী অংশগ্রহন করছেন।

একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মুসলিমা হাসান জানন, দর্জির ব্যস্ততা এবং পোশাকের কাপড় না পাওয়ায় অনেকেই সময়মত পোশাক তৈরী করতে পারেনি। রবিবার তাদের ছিল

২-এর পাতায় দেখুন

বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড-এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান

ঝিনাইদহ বিজ্ঞান মেলায় প্রথম শেখপাড়া রাহাতন নেছা গার্লস স্কুল অ্যান্ড কলজ

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহে শৈলকুপা উপজেলার শেখপাড়া রাহাতন নেছা গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা ৪৪তম জাতীয় বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ এ জেলার প্রথম স্থান অধিকার করেছেন। শনিবার (১০ জুন) জেলা প্রশাসক ও জেলা শিক্ষা

২-এর পাতায় দেখুন

১০ জুন ২০২৩ ইং গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিঃ এর প্রধান কার্যালয়ে মুদারাবা প্রকল্পের কুমিল্লা অঞ্চলের উন্নয়ন কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় দিকনির্দেশনা মূলক আলোচনা করেন কোম্পানির উপদেষ্টা এম তৌহিদুল আলম। এসময় কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা আমজাদ হোসেন খান চৌধুরী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রের কর্মকর্তার দূর্নীতির অভিযোগের তদন্ত শুরু

ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, এতিমখানা ও হাফেজিয়া মাদরাসা

কোটচাঁদপুর প্রতিনিধি : তদন্ত শুরু হয়েছে কোটচাঁদপুর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার মাহতামিমের বিরুদ্ধে করা দূর্ণীতির অভিযোগের। আর এ তদন্তে মাঠে নেমেছেন উপজেলার সমাজ সেবা ও মহিলা বিষয়ক কর্মকর্তা। তদন্ত চলমান, শেষ হলে প্রকৃত ঘটনা বলা যাবে বললেন তদন্ত কর্মকর্তা জহুরুল ইসলাম। জানা যায়, ১৯৮৫ সালে ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা পৌর এলাকার চৌগাছা বাসস্ট্যান্ডে স্থাপিত হয়। ওই প্রতিষ্ঠানের ১৩ দফা অনিয়ম তুলে ধরে স্থানীয় রেজাউল হক ও জাহাঙ্গীর হোসেন উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত অভিযোগ করেন।

১৩ দফার মধ্যে রয়েছে, প্রতিষ্ঠানটির রেজিষ্ট্রেশন রিনিওয়াল না করা প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের আর্থিক হিসাবের গড় মিল, নিজের ইচ্ছে মত প্রতিষ্ঠান পরিচালনা করা,কথায় কথায় আওয়ামী লীগের দোষারোপ করা,দরিদ্র শিক্ষার্থী নামমাত্র খাদ্য দিয়ে, বাকী খাদ্য ভোগ করা, প্রধান শিক্ষকের কোন নিয়োগ নাই,এ ছাড়া ওনার সার্টিফিকেট নিয়ে ও প্রশ্ন উঠে এসেছে ওই

২-এর পাতায় দেখুন

প্রেস ব্রিফিং
স্থানঃ পুলিশ সুপারের কার্যালয়, চুয়াডাঙ্গা
আয়োজনে ঃ জেলা পুলিশ, চুয়াডাঙ্গা

দামুড়হুদায় ফল ব্যবসায়ীকে গলাকেটে হত্যার রহস্য উদঘাটন

নিজস্ব প্রতিবেদক : চুয়াডাঙ্গার দামুড়হুদায় ফল ব্যবসায়ীকে গলাকেটে হত্যা রহস্য ২৪ ঘন্টার মধ্যে উদঘাটন করেছে দর্শনা থানা পুলিশ। ঘটনার পরের দিন স্ত্রী মহিমা বেগম (৪০) কে গ্রেফতার করে পুলিশ। তাকে ব্যাপক জিজ্ঞাসাবাদে সে স্বীকার করে নিজেই তার স্বামীকে জবাই করে। এ ঘটনায় রবিবার দর্শনা থানা চত্তরে এ সংবাদ সম্মেলন করে জেলা পুলিশ। এ সংবাদ সম্মেলনে জেলা পুলিশের

২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন
ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মো: আব্দুল হাই এমপি'র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
সোমবার ১২ জুন ২০২৩

কোরবানি সামনে রেখে মেহেরপুরে বাড়ি বাড়ি ঘুরছেন গরুর ব্যাপারীরা

মেহেরপুর প্রতিনিধি: কোরবানীর ঈদকে সামনে রেখে যেমন গরু পরিচর্যায় ব্যস্ত হয়ে পড়েছে মেহেরপুরের গাংনীর গরুর খামারী ও গেরস্তরা, তেমনি গরুর বায়না দিতে গ্রাম চষে বেড়াচ্ছেন ব্যাপারীরা। তারা বাড়ি বাড়ি গিয়ে গেরস্তদের কাছে পছন্দের গরুটির বায়না দিচ্ছেন। কোরবানীর ঈদ উপলক্ষ্যে ঢাকায় তুলবেন গরু। ততদিন পর্যন্ত গেরস্তের বাড়িতে রাখার সুযোগ পাবেন ব্যাপারীরা। তবে গেরস্তের দাবী ব্যাপারীরা দাম হাকছেন কম আর ব্যাপারীরা বলছেন, পশু অনুযায়ি গেরস্তরা দাম চাচ্ছেন বেশি।

সরেজমিনে ঘুরে দেখা গেছে, কোরবানির ঈদকে সামনে রেখে পশু পালনে বাড়তি মনোযোগী হয়েছেন খামারি ও গেরস্তরা। সর্বক্ষণ পশুকে পর্যবেক্ষনে রাখছেন। করছেন বাড়তি যত্ন । গোসল দেওয়া, কাচা ঘাস সংগ্রহ ও পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা করা যেন অপরিহার্য হয়ে পড়েছে। এছাড়াও নিয়মিত শারীরিক পরীক্ষা ও চিকিৎসা দিচ্ছেন তারা। তবে গোখাদ্যের পাশাপাশি চিকিৎসা খরচ, ঔষধ ও পালন ব্যয় আগের তুলনায় অনেক বেড়েছে। বাড়ি বাড়ি খোঁজ নিচ্ছেন বেপারীরা। তারা সুযোগ বুঝে বায়না করছেন। ঈদের কয়েকদিন আগে ঢাকার কোরবানীর হাটে তুলবেন পশুগুলো। পশু পলনকারীরা জানান, অনেক কষ্ট করে সব কিছু বাড়তি দামে কিনে পশু পালন করছেন তারা। ন্যায্য মূল্য না পেলে অনেকেই পথে বসবেন।

গাংনীর রায়পুর গ্রামের পশুপালনকারী আকবর আলী জানান, তিনি দুবছর যাবত তিনটি এঁড়ে গরু

২-এর পাতায় দেখুন

যুক্তরাষ্ট্র চায় সেন্টমার্টিন এবং ব্যবসা

নিজস্ব প্রতিবেদক : মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের গণতন্ত্র, নির্বাচন নিয়ে যে অতি আগ্রহ দেখাচ্ছে তার পেছনে রয়েছে আসলে ব্যবসা। একাধিক মার্কিন কোম্পানি বাংলাদেশে বিভিন্ন রকম ব্যবসা করতে চায়। আর এই ব্যবসা গুলো যথাযথ নিয়ম কানুনের প্রক্রিয়ার মধ্যে তারা পাচ্ছে না জন্যই মার্কিন রাজনীতিকে ব্যবহার করছে এবং মার্কিন রাজনীতিকে ব্যবহার করে বাংলাদেশের ওপর চাপ সৃষ্টি করতে চাইছে। বিভিন্ন সূত্রগুলো বলছে, মার্কিন যুক্তরাষ্ট্রের এখন বাংলাদেশকে ঘিরে আগ্রহের প্রধান কারণ হলো সেন্টমার্টিন। তারা নানা কারণে এই উপমহাদেশে তাদের সামরিক উপস্থিতি তৈরি করতে চায়। আর এজন্য তাদের দরকার সেন্টমার্টিন দ্বীপ।

একাধিক দায়িত্বশীল সূত্রগুলো বলছে, মার্কিন যুক্তরাষ্ট্র বিভিন্ন সময় বিভিন্নভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এই সেন্টমার্টিন চাওয়ার বার্তা দিয়েছেন। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ধরনের প্রস্তাব নাকচ করে দিয়েছেন। তিনি স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন যে, বাংলাদেশের অভ্যন্তরীণ ভূখণ্ড কোনভাবেই বিদেশি সামরিক স্থাপনের জন্য ব্যবহার করতে দেয়া হবে না। এই উপমহাদেশে মার্কিন যুক্তরাষ্ট্র এমনিতেই কোণঠাসা হয়ে পড়েছে। ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের একান্ত অনুগত হিসেবে কাজ করবে না।

মেহেরপুর জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুরে জেলা প্রশাসনের উদ্যোগে আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুর ১২টায় মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটার পল্লব ভট্টাচার্য, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহমদ আলী, অতিরিক্ত

২-এর পাতায় দেখুন

৬ ভাইকে ভ্যান চাপায় হত্যা চালকের আমৃত্যু কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক : কক্সবাজারের চাঞ্চল্যকর ৬ ভাই কে গাড়ী চাপায় হত্যা মামলায় চালকের আমৃত্যু কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা দিয়েছেন আদালত। চকরিয়ার ডুলাহাজারায় ঘটেছে এই ঘটনা।

গতকাল রোববার দুপুরে কক্সবাজার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ ইসমাঈল এ রায় ঘোষণা করেন। পাবলিক প্রসিকিউটর (পিপি) ফরিদুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন। পিপি জানান, গত বছরের ৮ ফেব্রুয়ারি ভোর সাড়ে ৫টায় চকরিয়া উপজেলার মালুমঘাট এলাকায় বাবার শ্রাদ্ধ উপলক্ষ্যে ৯ ভাই-বোন শ্মশানে পূজা দিতে যান। সেখান থেকে বাড়ি ফেরার পথে পিকআপ ভ্যানের ধাক্কায় পাঁচ ভাই নিহত হন। পরে আহত আরেক ভাই রক্তিম শীল ২২ ফেব্রুয়ারি চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এ ঘটনায় নিহতদের ভাই পল্লব সুশীল বাদী হয়ে চকরিয়া থানায় মামলা করেন। মামলার তদন্ত ভার প্রথমে হাইওয়ে পুলিশকে দেওয়া হলেও পরে পিবিআইয়ের কাছে হস্তান্তর করা হয়। ঘটনার চারদিন পর ১২ ফেব্রুয়ারি মাদারীপুরে অভিযান চালিয়ে পিকআপ ভ্যান চালক সাইদুল ইসলাম সিফাতকে আটক করে র‍্যাব।

বিয়ের এক সপ্তাহ না পেরুতেই গলায় দড়ি দিয়ে আত্মহত্যা

মেহেরপুর প্রতিনিধি: দ্বিতীয় বিয়ের এক সপ্তাহ পেরুতে না পেরুতই গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে খুশি খাতুন। খুশি খাতুন মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের সালাম মিয়ার মেয়ে।

শনিবার বেলা ১১ টার দিকে খুশি খাতুন গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন। জানা গেছে প্রায় অর্ধ যুগ পূর্বে খুশি খাতুনের প্রথম বিয়ে হওয়ার পর স্বামীর সাথে ছাড়াছাড়ি হয়ে যায়। এরপর প্রায় এক সপ্তাহ পূর্বে গাংনী উপজেলা ধলা গ্রামের ফকির মন্ডলের ছেলে মহাফুজের সঙ্গে

২-এর পাতায় দেখুন

কালীগঞ্জে স্ত্রী'র স্বীকৃতির দাবীতে ২ দিন ধরে ইউপি সদস্যের বাড়িতে নারীর অবস্থান

কালীগঞ্জ প্রতিনিধি : স্ত্রী'র স্বীকৃতির দাবীতে এবার সনাতন ধর্মের নারী এক ইউপি সদস্যের বাড়িতে অবস্থান করছেন। রোববার বিকাল পর্ষন্ত দু'দিন ধরে ওই নারী ঝিনাইদহ কালীগঞ্জের সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য সজল বিশ্বাসের বাড়িতে

২-এর পাতায় দেখুন

পুলিশের আট কর্মকর্তা হলেন ডিআইজি

নিজস্ব প্রতিবেদক : পুলিশের ৮ অতিরিক্ত ডিআইজি পদোন্নতি পেয়ে উপ-মহাপরিদর্শক (ডিআইজি) হয়েছেন। গতকাল রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখার উপ-সচিব সিরাজাম মুনিরা স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে তাদের পদোন্নতি দেওয়া হয়।

পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা হলেন, রেলওয়ে পুলিশের ডিআইজি (চলতি দায়িত্ব) মো. শাহ আলম, সিআইডির অতিরিক্ত ডিআইজি এ কে এম নাহিদুল ইসলাম, পুলিশের বিশেষ শাখার (এসবি) অতিরিক্ত ডিআইজি রখফার সুলতানা খানম, সিআইডির ডিআইজি (চলতি দায়িত্বে) শ্যামল কুমার নাথ, ডিএমপির

২-এর পাতায় দেখুন

মেহেরপুরে পুকুর সংস্কারের নামে চলছে অবৈধভাবে বালু উত্তোলন

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর সদর উপজেলার চাঁদবিলে ভূমি ব্যবহার নীতিমালা লংঘন করে পুকুর সংস্কারের নামে নির্বিঘ্নে বালু উত্তোলন করছে প্রভাবশালী পুকুর মালিক ও স্কেভেটর ঠিকাদার। অপরিকল্পিতভাবে বালু উত্তোলনের ফলে পুকুরের পাশের কয়েকটি পরিবার পড়েছে বিপাকে। ইতোমধ্যেই তাদের জমির সীমানায় ভাঙ্গন শুরু হয়েছে। এভাবে চলতে থাকলে ভবিষ্যতে পুকুর পাড়ের কয়েকটি পরিবার ভাঙ্গনের কবলে পড়ার আশংকা করছে স্থানীয়রা।

সরেজমিনে দেখা যায়, চাঁদবিল গ্রামের পশ্চিম পাড়ায় স্থানীয় রিয়াদ আলী নামের এক ব্যক্তির সাত বিঘার একটি পুকুর সংস্কার কাজ চলছে। এই পুকুর সংস্কারের নামে অপরিকল্পিতভাবে এস্কেভেটর দিয়ে পুকুরের তলদেশ থেকে ২০ থেকে ২৫ ফুট গভীর করে বালু উত্তোলন করা হচ্ছে। প্রতিদিন ৫০ থেকে ৬০ গাড়ি বালু উত্তোলন করে প্রতি গাড়ি ১৫'শ থেকে ১৬'শ টাকায় শহরের বিভিন্ন স্থানে বিক্রি করা হচ্ছে বালু। প্রকাশ্যে দিন রাত পুকুর থেকে বালু উত্তোলনের পর তা পরিবহনের জন্য পাকা ও কাঁচা সড়ক ব্যবহার করা হচ্ছে। বালু বোঝায় ভারী যানবাহন চলাচল করায় রাস্তা গুলো ভেঙ্গে গিয়ে যানবাহন চলাচলের

২-এর পাতায় দেখুন

ডাঃ বিপ্লব কুমার দাস

পপুলার ডায়াগনস্টিক সেন্টারে কলেজ ছাত্রীকে যৌন নির্যাতনের ঘটনায় মামলা

নিজস্ব প্রতিবেদক : খুলনা নগরীতে পিরোজপুরের এক কলেজ ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। বৃহস্পতিবার (৮ জুন) ওই কলেজ ছাত্রীর মা বাদী হয়ে নগরীর সোনাডাঙ্গা থানায় এ মামলা (নং-০২/২৩) দায়ের করেন। এর আগে গত ৬ জুন বিকেলে নগরীর কেডিএ এভিনিউস্থ শেখপাড়া এলাকার পপুলার ডায়াগনস্টিক সেন্টার লিমিটেডে ডাঃ বিপ্লব কুমার দাসের বিরুদ্ধে ওই কলেজ ছাত্রীকে (রোগী) যৌন নির্যাতনের অভিযোগ ওঠে। কলেজ

২-এর পাতায় দেখুন

গাংনীতে বৃক্ষরোপেণ কর্মসূচির উদ্বোধন

গাংনী প্রতিনিধি: সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় মেহেরপুরের গাংনী উপজেলার ধানখালো ইউনিয়নের মহিষাখালো গ্রাম সংলগ্ন ছেউটিয়া নদীর পাড়ে বৃক্ষরাপেণ কর্মসূচীর উদ্বাধেন করা হয়েছে। রবিবার সকালের দিকে গাংনী উপজেলা বনবিভাগের সহযাগিতায় এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় উদয়ন বৃক্ষরাপেণ সমিতি। উদ্বোধনী আয়োজনে সভাপতিত্ব করেন সমাজ সেবক আনিসুর রহমান মিয়া।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বৃক্ষরাপেণ কার্যক্রমের উদ্বোধন করেন মেহেরপুর জেলা বনবিভাগ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ও গাংনী উপজেলা বনবিভাগ কর্মকর্তা এসটি হামীম হায়দার। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ও সাবেক ছাত্রনেতা মশিউর রহমান পলাশ, উদয়ন বৃক্ষরাপেণ সমিতির সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন। এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সহ-সভাপতি হারুন-অর-রশীদ, ধানখালো ইউনিয়ন যুবলীগের সভাপতি কেসমত আলী, যুবলীগ নেতা হাফিজুর রহমান হাফিজ, ধানখালো ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বার) হাবিবুল বাসার, সাবেক ছাত্রলীগ নেতা হাসিন-আল নাঈম, ওবাইদুল্লাহ,

২-এর পাতায় দেখুন

নির্বাচনকে সামনে রেখে অ্যাড. ইয়ারুল ইসলামের গণসংযোগ

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ ও পথসভা অব্যাহত রয়েছে। শনিবার বিকালে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ও ইসলামনগর গ্রামে গনসংযোগ ও পথসভা করেন। এসময় তিনি

২-এর পাতায় দেখুন

মহেশপুরে মাদ্রাসা কর্তৃপক্ষের উদাসীনতায় ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন দেওয়া হলোনা শিক্ষার্থীদের

মো ঃ আজাদ : ঝিনাইদহের মহেশপুরে শিক্ষা কর্মকর্তা ও মাদ্রাসা কতৃপক্ষের উদাসীনতায় নেওয়া হয়নি ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন। মাদ্রাসা অধিদপ্তরের নির্দেশ অমান্য করে শনিবার সরকারী ছুটির অজুহাতে প্রতিষ্ঠান বন্ধ থাকায় মুল্যায়ন না দিয়েই ফিরে যেতে হলো ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের। ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন আছে কিনা জানেন না শিক্ষা কর্মকর্তারা ও প্রতিষ্ঠান প্রধানরা।

জানাগেছে,মাদ্রাসা অধিদপ্তরের দেওয়া রুটিন অনুযায়ী ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ শ্রেণীর গনিত ও ৭ম শ্রেণীর ইংরেজি ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন নেওয়ার নির্দেশনা থাকলেও উপজেলার বামনগাছি, নাটিমা, খালিশপুর, ভৈরবা ও কৃষ্ণপুর দাখিল মাদ্রাসাসহ বেশির ভাগ প্রতিষ্ঠান শনিবার ছুটির দিন হওয়ায় ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন না নিয়ে প্রতিষ্ঠান বন্ধ রাখেন। এতে বিপাকে পড়তে হয় মুল্যায়ন

২-এর পাতায় দেখুন

এশিয়ার ১০০ বিজ্ঞানীর তালিকায় বাংলাদেশের ২ নারী

নিজস্ব প্রতিবেদক : গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রাখা এশিয়ার ১০০ বিজ্ঞানীর একটি তালিকা প্রকাশ করেছে সিঙ্গাপুরভিত্তিক বিজ্ঞান বিষয়ক সাময়িকী 'এশিয়ান সায়েন্টিস্ট'। তালিকায় দুই বাংলাদেশি নারীর নাম এসেছে। তারা হলেন, গাওসিয়া ওয়াহিদুন্নেছা চৌধুরী ও সেঁজুতি সাহা।

'দ্য এশিয়ান সায়েন্টিস্ট ১০০' শিরোনামে রোববার এ তালিকা প্রকাশ করা হয়। অষ্টমবারের মতো এই তালিকা করা হলো।

জলবায়ু পরিবর্তন থেকে শুরু করে হিমবাহ চক্র এবং কাঠামোগত ভূতত্ত্ব অনুসন্ধান, এমনকি মহাকাশ গবেষণার মতো গুরুত্বপূর্ণ সমস্যা মোকাবিলায়

২-এর পাতায় দেখুন

বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা কমিটি গঠন

মেহেরপুর প্রতিনিধি: বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার কমিটি গঠন করা হয়েছে। সকালে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের আলোচনা সভার শেষে সিরাজুল ইসলামকে সভাপতি এবং আফতাব আলী খানকে সাধারণ সম্পাদক করে মোট ১৬ সদস্য বিশিষ্ট বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের

২-এর পাতায় দেখুন

মেহেরপুর শহরের আবাসিক হোটেল থেকে অটোচালকের গলাকাটা মরদেহ উদ্ধার, হোটেল মালিক পুলিশ হেফাজতে

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর জেলা শহরের এজাজ প্লাজা আবাসিক হোটেল থেকে আব্দুর রহমান (৩৮) নামের এক অটোচালকের গলাকাটা হাত-পা বাঁধা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। ৪ তলা এই হোটেলটি শহরের বাসস্ট্যান্ড এলাকার প্রধান সড়কে অবস্থিত। পুলিশ হোটেলের একটি কক্ষ থেকে বিছানায় শুয়ে থাকা অবস্থায় খন্ডিত রক্তাক্ত মরদেহটি উদ্ধার করে। এ ঘটনায় হোটেল মালিক ঝন্টু মিয়াকে পুলিশ হেফাজতে নিয়েছে পুলিশ। জানা গেছে, অটোচালক আব্দুর রহমান মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের আব্দুর রহিমের ছেলে। রোববার বিকেল সাড়ে ৫টার দিকে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ ও মেহেরপুর সদর থানা পুলিশের একাধিকদল হোটেলে পৌঁছে এই মরদেহ উদ্ধার করে।

মেহেরপুর জেলা ডিবির ওসি সাইফুল ইসলাম সাংবাদিকদের জানান, গত বৃহস্পতিবার অটোচালক আব্দুর রহমান তার অটো নিয়ে বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। রোববার দুপুরে মেহেরপুর শহরের এজাজ প্লাজা আবাসিক হোটেল থেকে তার হাত-পা বাঁধা ও গলাকাটা অর্ধগলিত

২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে গাঁজাসহ যুবক আটক

এম.মাসুম আজাদ : ঝিনাইদহে সাদ্দাম মন্ডল (৩২) নামে এক চিড়ার মিলের শ্রমিককে গাজাসহ আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। সাদ্দাম সদর উপজেলার হলিধানি ইউনিয়নের ঢাকালে পাড়ায় মো: জহর মন্ডলের ছেলে। রোববার সাদ্দামের বাড়ি থেকে প্রায় ২০ গ্রাম গাজা উদ্ধার করা হয়।

ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ২০ গ্রাম গাজা উদ্ধার করা হয়। তবে সাদ্দাম গাজা বিক্রয় করেনা। সাদ্দাম চিড়ার মিলের শ্রমিকের কাজ করে। কাজ শেষে বাড়ি এসে গাজা খাই। পরবর্তীতে ভ্রাম্যমান আদালত পরিচালিত করা হবে।

গাংনীতে চুরি যাওয়া মোটরসাইকেল উদ্ধার, চোর গ্রেপ্তার

গাংনী প্রতিনিধি : মেহেরপুরের গাংনীর বালিয়াঘাট থেকে চুরি যাওয়া মোটরসাইকেল ২২ ঘন্টার মধ্যে উদ্ধার ও মোটরসাইকেল চোর অনিক আহমেদ (২০) কে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার দুপুরে মোরসাইকেল উদ্ধার ও চোরকে গ্রেপ্তার করে পুলিশ। অনিক আহমেদ উপজেলার ছাতিয়ান গ্রামের মৃত জ্যাতি আলীর ছেলে। গাংনী

২-এর পাতায় দেখুন

minister Refrigerator
কিস্তি!
কিস্তি!!
কিস্তি!!!
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০
কোটি কোটি টাকার
ঈদ সালামি অফার
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
১২ বছর গ্যারান্টি
পুরোনো দিলে নতুন মিলে অফার
0% ডাউন পেমেন্ট
৩৬ মাসের সহজ কিস্তি সুবিধা
/Minister.Bangladesh
www.ministerbd.net
Hotline: 09606 700700
*শর্ত প্রযোজ্য

সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ
প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

পুকুর ও জলাধার রক্ষায় আইনের কঠোর প্রয়োগ জরুরি

অপরিকল্পিত নগরায়ণ ও ভূমি আগ্রাসনের কারণে ঢাকা ও এর আশপাশের অনেক পুকুর ও খাল বিলীন হয়ে গেছে। নগরজীবনে পুকুর-খাল থাকা খুবই জরুরি। এগুলো বর্ষা মৌসুমে এলাকার জলাবদ্ধতা থেকে নগরকে রক্ষা করে। অপরিকল্পিত নগরায়ণ, দখলদারি ও আবাসন চাহিদার কারণে গত প্রায় ৪ দশকে নিশ্চিহ্ন হয়ে গেছে ১ হাজার ৯০০ সরকারি-বেসরকারি পুকুর ও জলাধার। মৎস্য বিভাগের পরিসংখ্যান মতে, ১৯৮৫ সালে ঢাকায় পুকুর ছিল ২ হাজার। বেসরকারি হিসাবমতে, এ পর্যন্ত তা এসে ঠেকেছে একশর নিচে। এভাবে পুকুর-খাল ভরাট হয়ে যাওয়া আশঙ্কাজনক। জলাধার রক্ষায় আইন থাকলেও সেগুলো না মানায় একের পর এক ভরাট হয়ে গড়ে উঠছে আবাসন। পুরান ঢাকার গেন্ডারিয়ার শত বছরের ঐতিহ্যবাহী ডিআইটি পুকুরটি ব্যক্তিমালিকানাধীন দাবি করে প্রায় ভরাট করে ফেলা হয়েছিল। চারপাশে ছোট ছোট মার্কেট ও গ্যারেজ গড়ে তোলা হয়। পুকুরটি রক্ষায় প্রয়োজনীয় নির্দেশনা চেয়ে গত ৪ জুন মানবাধিকার ও পরিবেশবাদী সংগঠন হিউম্যান রাইটস এন্ড পিস ফর বাংলাদেশের (এইচআরপিবি) পক্ষ থেকে রিট করা হয়। হাইকোর্ট পুকুরটি ভরাট-দখল এবং সেখানে স্থাপনা ও অবকাঠামো নির্মাণ কার্যক্রমের ওপর তিন মাসের জন্য স্থিতাবস্থা বজায় রাখতে নির্দেশ দেন। আদালতের নির্দেশনার পর ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র গত ৭ জুন পুকুরটি দখলমুক্ত করার ঘোষণা দেন। পুকুর রক্ষায় উচ্ছেদ অভিযানকে সাধুবাদ জানিয়ে স্থানীয় লোকজন মানববন্ধন করে। গত বৃহস্পতিবার উচ্ছেদ অভিযান শুরু করে রাজউক। এর আগে পুকুর রক্ষায় সরকারের সংশ্লিষ্ট সব সংস্থা ও পুকুর ভরাটকারী ব্যক্তিদের আইনি নোটিস পাঠায় বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি (বেলা)। ডিআইটি পুকুর উদ্ধারে উচ্ছেদ অভিযান শেষ হলেও অক্ষত থাকে স্থানীয় কাউন্সিলরের কার্যালয় ও একটি গার্মেন্টস। এতে হতাশ হয়ে পড়েন এলাকাবাসী। রাজউক জানায়, কাউন্সিলর সম্মানিত মানুষ হওয়ায় এবং একটি দোতলা ভবনে ভারী যন্ত্রপাতি থাকায় তাদের ৭ দিন সময় দেয়া হয়েছে। অবৈধ স্থাপনা উচ্ছেদে এমন পরিস্থিতি কাম্য নয়। আমরা আশা করি, পুকুরটি দখলমুক্ত করতে নির্ধারিত সময়ের মধ্যেই যথাযথ ব্যবস্থা নেবে কর্তৃপক্ষ। কেবল ডিআইটি পুকুরই নয়, অন্যান্য পুকুর-খাল-নদীও দখলমুক্ত করতে হবে। নিজেদের বেঁচে থাকার প্রয়োজনেই এসব জলাধার আমাদের রক্ষা করা দরকার। সরকার জলাধার রক্ষায় ২০০০ সালে আলাদা আইন করলেও এর তেমন সুফল নেই। আইন অনুযায়ী, কোনো অবস্থায় খাল, বিল, নদী-নালা, পুকুর ও প্রাকৃতিক জলাশয়ের স্বাভাবিক গতি ও প্রকৃতি পরিবর্তন করা যাবে না। এমনকি সড়ক-মহাসড়ক, ব্রিজ-কালভার্ট নির্মাণকালেও প্রাকৃতিক জলাশয়, জলাধার, খাল-নদী ইত্যাদির স্বাভাবিকতা নষ্ট করা যাবে না। কিন্তু জলাধার আইনের তোয়াক্কা না করেই জলাশয়গুলো দ্রুত দখল ও ভরাট করে স্থাপনা গড়ে তোলা হয়েছে। ঢাকার অনেক পুকুর ও খাল ইতোমধ্যে ভরাট হয়ে গেছে। পুকুরগুলো ভরাটের কারণে বর্ষা মৌসুমে সামান্য বৃষ্টি হলেই রাস্তাঘাট পানিতে তলিয়ে যায়। এমনিতেই ঢাকায় ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ায় পানির সংকট চরমে, তার ওপর জলাধার ভরাট হতে থাকলে ভবিষ্যতে নগরবাসী ভয়াবহ সংকটে পড়বে। এছাড়া ঢাকার মতো জনবহুল শহরে অগ্নিকাণ্ড প্রায় ঘটছে। অগ্নিকাণ্ড মোকাবিলা, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জলাবদ্ধতা নিরসনে পুকুর-খাল ও নদী রক্ষা করা খুবই জরুরি বলে মনে করি। জলাধার রক্ষা ও দূষণ রোধে সবাইকে একযোগে কাজ করতে হবে।

কালীগঞ্জে করোনার টিকা

প্রকল্প। সম্প্রতি টিকা স্বেচ্ছাসেবকদের এক কিস্তির টাকার আসে। এরমধ্যে জেলার কালীগঞ্জ পৌরসভার অধিনে দ্বায়িত্ব পালন করা স্বেচ্ছাসেবকদের জন্য ২ লাখ ৩১ হাজার টাকা আসে। এসব টাকা কালীগঞ্জ ব্রাক অফিস থেকে প্রদান করা হয়। গত ৭ জুন বুধবার স্বেচ্ছাসেবকদের দিয়ে স্বাক্ষর করিয়ে পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টার আলমগীর হোসেন টাকা উত্তোলন করেন। কিন্তু প্রকৃত দ্বায়িত্ব পালন করা স্বেচ্ছাসেবকরা বলছেন টাকা উত্তোলনের বিষয়টি তারা কিছুই জানেন না। স্বেচ্ছাসেবকরা বলছেন, টাকা উত্তোলনের বিষয়টি সত্য হয়ে থাকলে অন্যদের দিয়ে (বডি চেঞ্জ করে) স্বাক্ষর করিয়ে টাকা উত্তোলন করা হয়ে থাকতে পারে।

স্বেচ্ছাসেবকদের গ্রুপ লিডার মোস্তফা ইবনে মাসুদ জানান, কালীগঞ্জ পৌরসভা ও হাসপাতালের অধিনে করোনার টিকা দেওয়ার কাজে দ্বায়িত্ব পালন করেন স্থানীয় প্রায় ৩০ জনের মত একটি স্বেচ্ছাসেবক দল। যে দলের নেতৃত্বে ছিলাম আমি মোস্তফা ইবনে মাসুদ ও ফাইজুল ওয়ারা প্রত্যয় নামের দুইজন। সম্প্রতি স্বেচ্ছাসেবকদের নামে টাকা উত্তোলন করা হলেও আমি কিছুই জানি না। এমনকি আমার দলে কাজ করা স্বেচ্ছাসেবকরাও কিছু জানে না। বিষয়টি জানতে কালীগঞ্জ পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টার আলমগীর হোসেনের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, এ টাকা তোমাদের না। কিছুক্ষণ পরে জানান তোমাদের কত টাকা বাকি আছে প্রমাণ নিয়ে অফিসে দেখা কর।

ঝিনাইদহ সদর উপজেলার স্থায়ী টিকাদান কেন্দ্রের টিম লিডার মোঃ মামুনুর রশিদ জানান, সদর উপজেলা ২০২১ সালের আগস্টের ২৩ তারিখ থেকে টিকা কার্যক্রমে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করছেন। কেন্দ্রে ১৯ জন, ১২ জন আবর ছয় জন করেও কাজ করেছেন। আমরা যারা কাজ করেছি মাত্র ছয় মাসের টাকা পেয়েছি। এখনো ১৬ থেকে ১৭ মাসের টাকা বাকি। মামুন আরো জানান তাদের টাকাগুলো সিভিল সার্জন অফিসে আসে, এরপর আমাদের দেওয়া হয়।

কালীগঞ্জ ব্যাক অফিসের একাউন্স অফিসার গোলাম ফারুক জানান, ৭ জুন কালীগঞ্জ পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টার আলমগীর হোসেন কিছু স্বেচ্ছাসেবকদের নিয়ে এসে ২ লাখ ৩৩ হাজার টাকা উত্তোলন করে নিয়ে যায়। আমরা তো স্বেচ্ছাসেবকদের চিনি না। কাদের নিয়ে আসা হয়েছে তা তো বলতে পারবো না।

কালীগঞ্জ পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টার আলমগীর হোসেন টাকা উত্তোলনের কথা স্বীকার করে জানান, স্বেচ্ছাসেবকদের নিয়ে টাকা তোলা হয়। তবে এটা সবার জন্য না। যাদের টাকা বাকি আছে বরাদ্দ আসলে তারা সবাই পাবে।

ঝিনাইদহ ব্রাকের ম্যানেজার স্নেহা বলেন, যাদের টাকা দেয়া হয়েছে তাদের হাতে হাতেই দেওয়া হয়েছে। কাদের এবং কত টাকা দেয়া হয়েছে এসব তথ্য আমি দিতে পারবো না। আপনাকে কেন দিতে হবে এসব তথ্য, এ কাজ তো অনেক আগেই শেষ হয়েছে বলে যোগ করেন।

কালীগঞ্জে সরকারি টিকার মান

উপজেলা ইপিআই টেকনিশিয়ান এর উপস্থিতিতে টিকাগুলো পরীক্ষা-নিরীক্ষা করে কেন্দ্রে পৌঁছে দেওয়ার দায়িত্ব থাকলেও তা তিনি করেন না। সরকারের উপজেলা পর্যায়ের স্বাস্থ্য বিভাগের গুরুত্বপূর্ণ এই দায়িত্বের অবহেলার অভিযোগ উঠেছে কালীগঞ্জ উপজেলা ইপিআই টেকনিশিয়ান শহিদুল ইসলামের বিরুদ্ধে। সপ্তাহের নির্দিষ্ট দিনে নিজে উপস্থিত থেকে তাপমাত্রা মেপে টিকা পোটারদের হাতে তুলে দেওয়ার কথা থাকলেও তিনি কখনই সকালে এসে তা করেন না।স্বাস্থ্যবিভাগের নিয়ম-নীতি কে উপেক্ষা করে তিনি নিজের ইচ্ছা মতো অফিস করেন।ফলে টিকা বহনকারী পোটাররা নিজের মতো টিকা বের করে লেজার খাতায় লিখে বিভিন্ন কেন্দ্রে নিয়ে যান। সরোজমিনে রবিবার সকাল ৬ টার সময় কালিগঞ্জ হাসপাতালের বহির্বিভাগের ২১ নং ইপিআই কোল্ড রুমের সামনে কয়েকজন টিকাবহনকারী পোটারকে বিভিন্ন ধরণের টিকা নিয়ে মেঝেতে ফেলে রেখে সে গুলো ধীরে ছোটো বাক্সে ঢুকাতে দেখা যায়।এ সময় এক প্রশ্নের জবাবে এই প্রতিবেদককে তারা জানায়,আমারাই ঘর খুলে লেজার খাতায় লিখে টিকা নিয়ে যায়। শহিদুল স্যার আসেন না।ডাঃ আলমগীর স্যার আমাদের বলেছেন শহিদুল স্যারের কাছ থেকে টিকার বাক্স বুঝে নিতে ও বুঝিয়ে দিতে। কিন্তু ইপিআই স্যার না আসায় আমাদেরকেই সব করা লাগে। ইপিআই কর্মকর্তা শহিদুল ইসলামের দায়িত্বের অবহেলার কারণে এক দিকে যেমন সরকারের লক্ষ কোটি টাকার টিকার সঠিক মান নিয়ে প্রশ্ন উঠেছে অন্যদিকে এই টিকা গ্রহণকারীদের শরীরে নানাবিধ শারীরিক সমস্যার সম্ভাবনাও দেখা দিতে পারে বলে অনেকে ধারণা করছেন । পূর্বে এই কর্মকর্তার বিরুদ্ধে নানা অনিয়ম ও দূর্নীতির খবর বিভিন্ন গণমাধ্যমে প্রকাশ পেয়েছে।বিশেষ করে ২০২১ সালের ১১ অক্টোবর এই কর্মকর্তার ধূমপানরত অবস্থায় নারীর শরীরে টিকা দানের ছবি ও ভিডিও দেশজুড়ে ভাইরাল হয়। তবুও বিতর্কিত এই কর্মকর্তা নিজ উপজেলায় থেকে নানা অনিয়ম করে বহালতবিয়াতে চাকরি করে গেলেও তার বিরুদ্ধে দৃশ্যমান কোনো ব্যাবস্থা গ্রহণ করতে আজও দেখা যায়নি। এমনকি তিনি বদলিও হন না।

এ ব্যাপারে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইপিআই টেকনিশিয়ান শহিদুল ইসলামের সাথে কথা বললে তিনি বলেন, আমি একটু অসুস্থ থাকায় সময় মতো যেতে পারি নি।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আলমগীর হোসেন বলেন, ইপিআই কর্মকর্তাকে ইতিপূর্বে দায়িত্ব অবহেলার কারণে আমি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছি। বারবার সতর্ক করার পরও তিনি নিয়মিত দায়িত্ব পালন করতে ব্যার্থ হচ্ছেন । এ ব্যাপারে আমি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ করে তার বিরুদ্ধে ব্যাবস্থা নিব।

ইউনিফর্ম না থাকায় অর্ধ-বার্ষিক

আইসিটি পরীক্ষা। পরীক্ষায় অংশগ্রহনের জন্য নির্ধারিত রুমে তারা যায়। পরে অধ্যক্ষ তাদের পরীক্ষার হলে গিয়ে যাদের কলেজ নির্ধারিত ইউনিফর্ম নেই তাদের পরীক্ষার হল থেকে বের করে দেন। তারা বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ গ্রহন করতে পারেনি বলে জানান।

পরীক্ষা দিতে না পারা অন্যান্য পরীক্ষার্থীরা জানান যে, তাদেরকে কলেজ কতৃপক্ষ ড্রেস পরে পরীক্ষায় অংশ গ্রহন করতে বলেন। কিন্ত দর্জি সময়মত তাদের পোশাক সরবরাহ করতে পারেননি।কলেজ কতৃপক্ষ তাগিদ দিলেও এগারো শতাধিক শিক্ষার্থী শৈলকুপারূ বিভিন্ন দর্জীর দোকানে গিয়েও কোনো ড্রেস বানাতে পারেনি বা রেডিমেট গার্মেন্টসে গিয়েও কিনতে পারে নি। বিশেষ করে নিদৃষ্ট রঙের বোরকা পাওয়া যায়নি। আর পোষাক নির্ধারণ করা হয়েছে ব্যাতিক্রম ধর্মী কালারের যা সচারাচর পাওয়া যাচ্ছে না। এ ছাড়াও আসন্ন ঈদের আগেও কোনো দোকানদার তা সরবরাহ করতে পারছেনা।পরীক্ষা শুরুর আগে কলেজ কতৃপক্ষকে বিষয়টি একাধীকবার জানানো হয়েছে।কতৃপক্ষের সিদ্ধান্তেই তারা বিগত দুই টি পরীক্ষায় অংশ গ্রহন করেছিল। হঠাৎ আজকে পরীক্ষার হল থেকে পেষাক না পড়ে আসায় অধ্যক্ষ আবদুস সোবহান তাদেরকে জোড় করে রের করে দিয়েছে। অনেক পরীক্ষার্থীকে কলেজ ক্যাম্পাসে অশ্রুসিক্ত নয়নে দাড়িয়ে থাকতে দেখা গেছে। আব্দুর রহমান নামে এক অভিভাবক জানান তার মেয়ে মোবাইল ফোনে তাকে জানায় যে, পোষাক না পরে আসায় তাকে পরীক্ষার হল থেকে বের করে দেয়া হয়েছে। একথা শুনে তিনি প্রায় পাঁচ কিমি দুর থেকে এসে অধ্যক্ষকে অনুরোধ করেছেন কিন্তু তিনি তার অনুরোধ রাখেন নি। তিনি আরো জানান যে, কলেজ টিতে নিয়মিত ক্লাস হয়না। শিক্ষার্থীরা বাড়ী থেকে প্রতিদিনই আসে কিন্তু কোন দিনই নিয়মিত কলেজে ক্লাস করানো হয় না। এদিকে মেয়ের আসা যাওয়ার জন্য ভ্যান ভারা ও টিফিন বাবদ প্রতিদিন ১০০/-টাকা দিতে হয়।

মনিরুল ইসলাম নামে অপর অভিভাবক জানান আমি নিজেও এই কলেজের শিক্ষার্থী ছিলাম। তখন কলেজটি বে সরকারি কলেজ ছিল। সে সময় এই কলেজ ছিল রেজাল্টের দিক থেকে যশোর বোর্ডে অন্যতম। ১৯৯৩ সালে কলেজটি সরকারি কলেজ হওয়ার পর অনেক খুশি হয়েছিলাম এলাকার ছেলে মেয়েরা ভাল শিক্ষা পাবে বলে। কিন্তু কলেজটি সরকারি হবার পর এর শিক্ষার মান অনেক নেমে গেছে।নিয়মিত কলেজে ক্লাস হয়না অধ্যক্ষ সপ্তাহে দুই একদিন আসেন। শিক্ষকরাও এ সুযোগে ক্লাস ফাঁকি দেন। ফলে শিক্ষার মান এখন নিম্নমুখী। প্রতিবছর এসএসসি পরীক্ষায় এ+ প্রাপ্ত যে পরিমান শিক্ষার্থী কলেজটিতে ভর্তি হয় এইচএসসি পরীক্ষায় তারা সে মান ধরে রাখতে পারেনা।

ঝিনাইদহ বিজ্ঞান মেলায় প্রথম

অফিসের আয়োজনে ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ে এ কর্মসূচির সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় শেখপাড়া রাহাতন নেছা গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী ঐশী-হাবিবা-শিমুদের দলকে প্রথম পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. আরিফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম পিপিএম (বার) ও স্থানীয় সরকারের উপ-পরিচালক মো. ইয়ারুল ইসলাম, স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার শেখ মনিরুল ইসলাম। এর আগে, প্রতিষ্ঠানটি উপজেলা পর্যায়ে দ্বিতীয় হওয়ার গৌরব অর্জন করে জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশ করেন। জেলা পর্যায়ে জেতায় আগামীতে তারা বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা করবে। শিক্ষার্থীদের এই অর্জনে উচ্ছ্বাস প্রকাশ করেছেন প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মাসুদ রানাসহ অন্যান্য শিক্ষক ও অভিভাবকেরা।

এ বিষয়ে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মাসুদ রানা বলেন, খুবই ভালোলাগা কাজ করছে। জেলার এতগুলো শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে আমাদের স্কুল অ্যান্ড কলেজের এ অর্জন গর্বের বিষয়। এছাড়া শিক্ষার্থীদের জাতীয় পর্যায়ে বিজয় লাভ করার জন্য ও এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিস বাড়াতে নানা পদক্ষেপ গ্রহণ করা হবে বলে জানান তিনি।

দামুড়হুদায় ফল ব্যবসায়ীকে

এএসপি জাকিয়া সুলতানা বলেন, হত্যার কাজে ব্যবহৃত উদ্ধার করা হয় ঘরের মধ্যে খাটের নিচ থেকে হাসুয়া। মহিমা বিভিন্ন এনজিও ঋণের টাকা নিয়েই স্ত্রীর বলির শিকার হয় স্বামী বাবর আলী। এই এনজিও ঋণের কারণে স্বামী বাবর আলীর সাথে মাঝে মধ্যে পারিবারিক দ্বন্দ্ব হত। গত বৃহস্পতিবার ৮ মে সন্ধার দিকে স্বামী বাবর আলীর সাথে বাকবিতন্ডা হয়। সেই রাত্রে ধারালো হাসুয়া দিয়ে ঘুমন্ত অবস্থায় বাবর আলীকে স্বজোরে গলায় কোপ দেয়। তার চিৎকার শুনে লোকজন ছুটে এসে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। চিকিৎধীন অবস্থায় অতিরিক্ত রক্তক্ষরণে তার মৃত্যু হয়। এ ঘটনায় নিহত বাবর আলীর ভাই ছাবের আলী বাদি হয়ে অজ্ঞাতনামা আসামী করে মামলা করে দর্শনা থানায়। তবে থানা হেফাজতে নেওয়া তার স্ত্রীকে ব্যাপক জিজ্ঞাসাবাদের একপর্যায় স্বীকার করেন সে নিজেই খুন করেছে তার স্বামীকে। তার স্বীকারোক্তিতে পুলিশ উদ্ধার করে হত্যা কাজে ব্যবহৃত হাসুয়া। দর্শনা থানা পুলিশ ২৪ ঘন্টার মধ্যে এ হত্যার রহস্য উৎঘটন করায় সাবুবাদ জানিয়েছে এলাকাবাসী। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দর্শনা থানার ওসি তদন্ত এস এম আমানউল্লা আমান, দর্শনা থানার ওসি অপারেশন নীরব হোসেন, দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই আহম্মেদ বিশ্বাস।

কোটচাঁদপুরে ইসলামী সাংস্কৃতিক

অভিযোগে। এরপেক্ষিতে তদন্ত শুরু করেছেন,উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম ও মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম। এ ব্যাপারে তদন্ত কমিটির উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম বলেন, তদন্ত কমিটি আমরা দুই জন আছি। আমি ও মহিলা বিষয়ক কর্মকর্তা। তদন্ত কাজ প্রাথমিক ভাবে শুরু করেছি। তবে চলমান বলা যায়। কি ধরনের অভিযোগ ওনার বিরুদ্ধে আর প্রাথমিক তদন্তে কি পেলেন এমন প্রশ্নে তিনি বলেন, এতিমখানার বিভিন্ন দিক রয়েছে, তাদের অভিযোগের মধ্যে। প্রাথমিক ভাবে যতটুকু জেনেছি, অভিযোগ কারিদের অনেকে জানেন না ওই অভিযোগে কি লেখা আছে। এক জন অভিযোগ লিখেছেন, আর বাকিরা স্বাক্ষর করেছেন। প্রতিষ্ঠানে প্রধান মাহতামিম নুরুন্নবী আশিকী বলেন,স্থানীয় কয়েকজন এতিম খানার বিভিন্ন অনিয়ম তুলে ধরে অভিযোগ করেছেন, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে। ওই অভিযোগের তদন্তে এসেছিলেন উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম ও মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম। তদন্ত করে গেছেন। তিনি বলেন, এটা আমার বিরুদ্ধে চক্রান্ত মূলক অভিযোগ করেছেন তারা। ওই অভিযোগে যা বলা হয়েছে,তা মিথ্যা ও ষড়যন্ত্র মূলক।

কোরবানি সামনে রেখে মেহেরপুরে

পালছেন। নেপালী জাতের এ গরুগুলো প্রতিটি গরু ৮৫ হাজার টাকা করে কিনেছি। দুবছর অনেক টাকা ব্যয় হয়েছে তাদের পিছে। এখন বাড়িতে এসে বেপারীরা প্রতিটি গরুর দাম বলছেন দু লাখ টাকা। এতে তেমন লাভ হচ্ছে না। তবে আরো একটু দাম বেশি হলে বিক্রি করবেন বলে জানান তিনি। মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের গৃহস্ত বজলুর রহমান জানান, তাদের তিন ভায়ের ১৭টি গরু আছে। গেল কোরবানীর ঈদে গরু বিক্রি করে বাছুর লালন পালন করছেন তারা। এককেটি বাছুর ৩৫ হাজার টাকা করে কিনে পালছেন। এখন বেপারীরা এককেটি গরুর দাম বলছে লাখ টাকা। রাত দিন সমানে বেপারীরা আসছেন। বেপারীরা বাড়ি বাড়ি গিয়ে গরুর অগ্রীম দাম দিচ্ছেন । সেই সাথে ঈদের আগ পর্যন্ত গরুর খাবারের দামও দিচ্ছেন তারা। মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের আম্বিয়া খাতুন জানান, তিনি গত কোরবানির পর ৬০ হাজার টাকায় একটি বাছুর গরু কেনেন। লালন পালনে খরচ গেছে ৩০ হাজার টাকা। বর্তমান বাজারে তার গরুটির দাম উঠেছে দেড়লাখ টাকা টাকা। তিনি সরকারিভাবে তাদের মতো গরু পালনকারীদের জন্য প্রণোদনা দাবি করেন। একই কথা জানিয়েছেন সহগলপুরের গৃহবধু হাবিবা। তিনি এবার সমিতি থেকে লোন নিয়ে তিনটি গরু পালছেন। এবার দেড়লাখ টাকা লাভ হবে বলে আশা করছেন তিনি। গরু ব্যবসায়ি গাংনীর চাঁদপুর গ্রামের রেজাউল জানান, তিনি ও তার ভাই প্রতি কোরবানীর ঈদে ঢাকার কমলাপুরে গরু নিয়ে যান। বিভিন্ন হাট থেকে গরু কিনলে নিজ বাড়িতে পরিচর্যা ও খাবারের ব্যবস্থা করা বেশ ঝামেলা। তাই গেরস্ত বাড়ি থেকে গরু কিনে ওই বাড়িতেই বাড়তি খরচ দিয়ে রেখে দেন। কোরবানীর ঈদের আগে ট্রাক লোড দেয়ার সময় নিয়ে যান তারা। গাংনীর বামন্দীর গরুর বেপারী শহীদুল ইসলাম জানান, গেল ঈদের সময় দেড় কোটি টাকার গরু বিক্রি করেছেন। এবারও তিনি কোটি টাকার গরু ঢাকাতে নিয়ে যাবেন। তিনি জানান, অনেক সময় গেরস্তদেরকে কিছু টাকা অগ্রীম দিয়ে গরু নিয়ে যাওয়া হয়। বিক্রি শেষে টাকা পরিশোধ করা যায়। পরিচর্যার বিষয়টিও মাথায় রাখতে হয়। আবার সব গরু কেনাও যায় না। দেখে শুনে কিনতে হয়। প্রাকৃতিক উপায়ে লালন পালন করা গরু কিনছেন তিনি। মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান জানান, চলতি মৌসুমে এক লাখ ৫ হাজার গরু মোটা তাজা করণ করা হয়েছে। নেপালি, অস্ট্রেলিয়ান, ফ্রিজিয়ান, হরিয়ানাসহ নানা জাতের গরু মোটাতাজা করা হয়েছে। দরিদ্র কৃষকের বাড়িতেও দুয়েকটি করে গরু। সচ্ছলদের খামারগুলো গরুতে ভরা। লাভজনক হওয়ায় বসতবাড়িতে গরু পালন করা প্রধান কাজ হয়ে দাঁড়িয়েছে অনেক পরিবারের। সারা বছর গরু পালনের পর এখন এসেছে বিক্রির সময়। এখন চলছে শেষ মুহূর্তের পরিচর্যা। গরু বিক্রির টাকায় মিটবে পরিবারের চাহিদা। বাড়তি অর্থ দিয়ে আবারও নতুন গরু কেনার আশা তাদের মধ্যে। প্রাণিসম্পদ বিভাগের লোকজন ও স্বেচ্ছাসেবীদেরকে সজাগ রাখা হয়েছে।

বিয়ের এক সপ্তাহ না পেরুতেই

তার দ্বিতীয় বিয়ে হয়। দ্বিতীয় বিয়ের সপ্তাহ পেরুতে না পেরুতেই খুশি খাতুন তার পিতার বাড়িতে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে। আত্মহত্যা সঠিক কারণ জানা যায়নি।

মেহেরপুর জেলা আইন-শৃঙ্খলা

জেলা প্রশাসক (সার্বিক) লিঙ্কন বিশ্বাস। এসময় সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় জেলার সার্বিক আইন শৃঙখলা পরিস্থিতি পর্যালোচনা করা হয়। মাদক নিয়ন্ত্রণ, শহরের যানজট নিরসন, পৌর বাসস্ট্যান্ডকে পুর্ণাঙ্গরূপে ব্যবহার, নদী, খাল ও অন্যান্য সরকারি স্থাপনা থেকে অবৈধভবে মাটিকাটা বন্ধকরণ, কুরবানীর সময় সীমান্ত দিয়ে অবৈধ পথে পশু প্রবেশ বন্ধকরণ, হাসপাতালে শান্তি শৃঙখলা বজায় রাখাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

পপুলার ডায়াগনস্টিক সেন্টারে

ছাত্রী (১৮) জানান, মাইগ্রেনের সমস্যায় পিরোজপুরের স্বরূপকাঠি এলাকা থেকে কিছুদিন পূর্বে এসেছিলেন খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের নিউরো মেডিসিন বিশেষজ্ঞ সহযোগী অধ্যাপক ডাঃ বিপ্লব কুমার দাসের চেম্বারে। তিনি শেখপাড়া এলাকার পপুলার ডায়াগনস্টিক সেন্টারের চেম্বারে হাজার টাকা ফিসে দেখে এমআরআইসহ কয়েকটি পরীক্ষা-নিরীক্ষা দেন। মঙ্গলবার সকালে ছোট বোনকে নিয়ে পিরোজপুর স্বরূপকাটি থেকে খুলনায় রিপোর্ট দেখাতে আসেন ওই কলেজ ছাত্রী। বিকেলে ডাক্তারের চেম্বারে রিপোর্ট দেখাতে গেলে কলেজ ছাত্রী (১৮) কে চেম্বারে একা রেখে সকলকেই বাইরে বের করে দিয়ে শরীরে হাত দিয়ে পরীক্ষা-নিরীক্ষার অযুহাতে স্পর্শকাতর স্থানে হাত দেন। একপর্যায়ে তাকে শুয়ে যৌন নির্যাতন করা হয়। পরে ডাক্তারের রুম থেকে বেরিয়ে অঝরেই কাঁদতে থাকেন কলেজ ছাত্রী। এতে আশপাশের লোকজন এগিয়ে আসেন।

ডায়াগনস্টিক সেন্টারের কর্মচারীরা বিষয়টি ধামাচাপা দিতে বলতে থাকেন, ‘রিপোর্ট খারাপ এসেছে সেই ভয়ে রোগী কান্নাকাটি করছেন’। কিন্তু এতে ক্ষিপ্ত হয়ে কান্নাবিজড়িত কণ্ঠে কলেজ ছাত্রী প্রকৃত বিষয়টি উপস্থিত সকলকে সংক্ষেপে বলেন।

মেহেরপুরে পুকুর সংস্কারের

অনুপযোগী হয়ে পড়েছে। সড়কগুলো নষ্ট আর ধুলোবালিতে ভোগান্তি পোহাচ্ছে এলাকার সর্বস্তরের জনসাধারণ। স্থানীয়দের বাঁধার পরও চলছে বালু উত্তোলন ও বিক্রির মহোৎসব। ওই সব বালু যাচ্ছে বাড়ী নির্মাণ কাজে, জমি ভরাট এবং রাস্তা ও স্থাপনা তৈরীতে। প্রশাসনের নাকের ডগায় বালু উত্তোলন ও বালু বহনকারী ট্রাক্টরগুলো মহাসড়ক ও শহরের প্রধান সড়কে দাপিয়ে বেড়ালেও প্রশাসন যেন কিছুই দেখছে না। অভিযোগ রয়েছে প্রশাসনকে ম্যানেজ করেই বীরদর্পে দাপিয়ে বেড়ায় এসব যন্ত্রদানব ট্রাক্টরগুলো। পুকুর পাড়ের বাসিন্দা হালিমের পরিবারের লোকজন জানান, মাটি দিয়ে পাড় বেঁধে দেবে বলে এখনও আমরা অভিযোগ করিনি। তবে যতটুকু মাটি পাড়ে দিয়েছে তাতে কিছুই হবে না। এর আগেও পুকুর খনন করার সময় পাড় ভেঙ্গে গেলে স্থানীয় চেয়ারম্যানকে জানিয়েছিলাম। তিনি লিখিত দিতে বলেছিলেন। পরে বিষয়টি রিয়াদকে জানালে সে মাটি ভরাট করে দেবে বলেছিলো। এবারও তারা প্রথমে মাটি ও পরে বালু তুলছে। সমস্ত মাটি ও বালু বিক্রি হয়ে যাচ্ছে। বর্তমানে যে অবস্থা তাতে একসময় ভাঙ্গতে ভাঙ্গতে আমার সীমানায় চলে আসবে। তারা ঠিকমত পাড় বাঁধছেনা। চাঁদবিল পশ্চিমপাড়ার একাধিক ব্যক্তির সাথে কথা বলে জানা গেছে, প্রথমে মাটি কেটে পুকুর সংস্কার করার কথা থাকলেও পরে পুকুরে বালু পাওয়ায় তাদের কর্মযজ্ঞ থামছেনা। বর্তমানে যে অবস্থা পুকুর পাড়ের কয়েকটি পরিবার ভবিষ্যতে ভাঙ্গনের কবলে পড়বে। এছাড়াও সারাদিন এই ট্রাক্টর চলাচলের কারণে শব্দ দূষণ ও ধুলোবালিতে অতিষ্ট স্থানীয়রা। পুকুর মালিক প্রভাবশালী হওয়ায় কেউ প্রতিবাদ করতে সাহস পাচ্ছে না। শব্দ দূষণ ও ধুলোবালিতে অতিষ্ট হয়ে স্থানীয়রা রাস্তায় বাঁশ ফেলে ট্রাক্টর চলাচল বন্ধ করলেও কোন প্রতিকার মেলেনি। ট্রাক্টরের টিপের হিসেবকারী পটল বলেন, চেয়ারম্যানের চাচার পুকুর এটা। চেয়ারম্যানকে জানিয়েই কাজ করা হচ্ছে, উনি সব জানেন।

স্কেভেটর মালিক মিজা রহমান বলেন, ১৭ বছর ধরে এই কাজ করছি। মেহেরপুরে আমার গাড়ি আটকানোর কেউ নেই। সবাইকে ম্যানেজ করেই আমরা এসব চালাচ্ছি। বালু উত্তোলনের বিষয়ে জানতে চাইলে পুকুর মালিক রিয়াদ বলেন, আমি আমার প্রকুর সংস্কার করছি। বালু তুলছিনা যা এদিক ওদিক ছিলো সেগুলো সমান করে দিয়েছি। আমার পুকুরে ময়লা ও পানি ফেলতে নিষেধ করেছি তাই তারা আমার নামে এমন কথা বলছে। সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লাহ আল বাকী জানান, বিষয়টি আমার জানা ছিলো না। আমি ছুটিতে আছি। অফিসে গিয়েই এ বিষয়ে পদক্ষেপ নিবো।

কালীগঞ্জে স্ত্রী’র স্বীকৃতির দাবীতে

অবস্থান করছে। গত শনিবার সন্ধ্যার আগে ওই নারী সজল বিশ্বাসের বাড়ীতে আসেন। এদিকে ওই নারী আসার পর থেকেই সজল বিশ্বাস লাপাত্তা রয়েছে। সে খয়েরতলা গ্রামের মৃত ঝন্টু বিশ্বাসের ছেলে। ঘটনাটি জানার পর কালীগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে গেছেন।

কালীগঞ্জ উপজেলার মহাদেবপুর গ্রামের ভূক্তভোগী ওই নারী জানান, দুই বছর আগে প্রেমজ সম্পর্ক গড়ে সজল তাকে বিয়ে করেন। এরপর সজল তাকে নিজ বাড়িতে না উঠিয়ে কোটচাঁদপুরে বলরামপুর গ্রামের একটি ভাড়া বাড়িতে তোলেন। সেখানে কিছুদিন সংসার করার পর সজল তাকে ডিভোর্স দিয়ে বাড়িতে পাঠিয়ে দেয়। এরপর তার পরিবার তাকে অন্যত্র বিয়ে দেয়। কিন্তু তার ৬ মাস না পেরতেই সজল আবারও তাকে ফুসলিয়ে বিয়ে করে একটি ভাড়া বাসায় তোলে। তখন তিনি সজলের নিজ বাড়ীতে যাবার জন্য চাপ দিলে ঘোরাতে থাকে। শেষে কোন উপায় না পেয়ে সজলের খয়েরতলার বাড়িতে গিয়ে উঠেছেন।

স্থানীয়রা জানান, শনিবার সন্ধ্যার ওই নারী আগে সজলের বাড়ীতে আসে। সে সময়ে সজল বাড়িতে ছিল না। বাসার সামনে গেটে তালা মারা ছিল। তখন ওই নারী ছাদে উঠে সিড়ির গেট খুলে ভেতরে প্রবেশ করে। সেই থেকেই ওই নারী বাড়িতে একা অবস্থান করছেন। স্থানীয় আরো জানায়, তারা শুনেছেন সনাতন ধর্মের ওই নারী বিয়ের পর তার ধর্মও পরিবর্তন করেছেন। সে এখন পর্যন্ত স্ত্রীর স্বীকৃতির দাবিতে ওই বাড়ীর মধ্যেই অবস্থান করছেন। এদিকে ওই নারীর বিষয়টি জানতে ইউপি সদস্য সজল বিশ্বাসের মোবাইলে একাধিকবার ফোন দিলেও তিনি রিসিভ করেননি। এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ আব্দুর রহিম মোল্ল্য জানান, খবর পেয়েই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল।

গাংনীতে বৃক্ষরোপেণ

বাবলুর রহমান বাবলুসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ। প্রসঙ্গত : বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি-জিএস ওয়াসিম সাজ্জাদ লিখন এর পরামর্শক্রমে এক ঝাঁক তরুণদের নিয়ে দীর্ঘ বছর আগে উদয়ন বৃক্ষরাপেণ সমিতি নামে একটি সংগঠন গড়ে ওঠে। যার প্রতিষ্ঠাতা সভাপতি ওয়াসিম সাজ্জাদ লিখন। ওয়াসিম সাজ্জাদ লিখনের নেতৃত্বে দীর্ঘ বছর যাবত পরিবেশ রক্ষায় এ সংগঠনটি কাজ করে চলেছে। বজ্রপাত থেকে রক্ষা পেতে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সড়কের পাশে তালের চাচা রোপণ করাসহ কৃষকদের ধানকেটে ঘরে তুলে দেয়ার মত মহতি কাজ করে আসছে এ সংগঠনটি। এসংগঠনের সাথে সার্বক্ষনিক সময় ব্যয় করে জনগণের জন্য নিরলস কাজ করে চলেছেন কৃষকলীগের কেন্দ্রীয় কমিটির অন্যতম নেতা ও মেহেরপুর জেলা কৃষকলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুবুল আলম শান্তি।

নির্বাচনকে সামনে রেখে

বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ণ মুলক কর্মকান্ড পরিদর্শন করেন। সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম গণসংযোগ কালে বর্তমান সরকারের উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আগামীতে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী বানাতে হবে। তিনি আরও বলেন, একমাত্র আওয়ামী লীগ সরকারই কৃষকদের কথা ভাবেন এবং কৃষকদের সার, তেলসহ কৃষি পণ্য সহজলভ্য করেছেন। গণসংযোগ কালে আওয়ামী লীগ নেতা আব্দুর রেজাসহ স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দ ইয়ারুল ইসলামের সাথে ছিলেন।

মহেশপুরে মাদ্রাসা কর্তৃপক্ষের

দিতে আসা ছাত্র/ছাত্রীদের। অভিযোগ পেয়েই সরেজমিনে বামনগাছি দাঃ নেঃ নুঃ দাখিল মাদ্রাসায় গেলে দেখা যায় (নাম প্রকাশে অনিচ্ছুক) একজন শিক্ষ বন্ধ মাদ্রাসার বারান্দায় দাড়িয়ে আছেন। তার নিকট জানতে চাইলে তিনি বলেন রুটিন অনুযায়ী ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ শ্রেণীর গনিত ও ৭ম শ্রেণীর ইংরেজি ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন নেওয়ার কথা ছাত্র/ছাত্রীরাও এসেছিল প্রতিষ্ঠান বন্ধ থাকায় তারা বাড়ি চলে গেছে।

এব্যাপারে বামনগাছি দাঃ নেঃ নুঃ দাখিল মাদ্রাসার সুপার তাফাজ্জেল হোসেন জানান,শনিবার সরকারী ছুটি হওয়ায় প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। সরকারী রুটিন অনুযায়ী ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ শ্রেণীর গনিত ও ৭ম শ্রেণীর ইংরেজি ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন নেওয়ার নির্দেশনার বিয়য়ে তার ব্যাবহারিত (০১৭২১-৫১৫৯৮৪) মোবাইলে জানতে চাওয়া হলে তিনি বলেন, বোর্ড বা শিক্ষা অফিস থেকে এমন কোন নির্দেশনা দেওয়া হয়নি। আমার ভুল হয়েছে পরে নেওয়া হবে।

এ ব্যাপারে কয়েকটি মাদ্রাসা প্রধানদের সাথে মোবাইলে ১০ জুনের মুল্যায়নের বিয়য়ে জানতে চাওয়া হলে তারা জানান, শিক্ষা অফিস আমাদেরকে জানায়নি আর যখন যানতে পেরেছি তখন আর মুল্যায়ন নেওয়া সম্ভব ছিলনা।

উপজেলা মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি আবুল হোসেন জানান,বোর্ডের কোন নির্দেশনা ছিলনা। আর ডিজির রুটিনের সাথে আমাদের রুটিনের মিল নাই। আমদের শিক্ষা স্যার জানায়নি,আমরা বিষয়টা ওভাবে জানিনে।

উপজেলার ২৫টি মাদ্রাসার মধ্যে হাতে গোনা কয়েকটি প্রতিষ্ঠান অদিদপ্তরের নির্দেশে মুল্যায়ন নিলেও অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রেখে ১০ জুনের (শনিবার) ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর ষান্মাসিক সামষ্টিক মুল্যায়ন নেওয়া হয়নি।

উপজেলা মাধ্যমীক শিক্ষা কর্মকর্তা দীনেশ চন্দ্র পাল বলেন,বিষয়টা আমরা পর্যব্যক্ষন করছি,মুল্যায়নের বিষয়ে যদি কোনো প্রতিষ্ঠানে অনিয়ম হয়ে থাকে তাহলে তাদের বিরুদ্ধে আমরা ব্যাবস্থা নেবো।

মেহেরপুর শহরের আবাসিক

লাশ উদ্ধার করা হয়। কে বা কাহারা এই হত্যাকান্ড ঘটিয়েছে তা সনাক্ত করে তাদের গ্রেফতারে পুলিশের একাধিকদল মাঠে নেমেছে। স্থানীয়রা জানান, রবিবার দুপুরের পর থেকে হোটেল ইজাজ প্লাজার একটি কক্ষ থেকে দুর্গন্ধ বের হতে থাকে। দুর্গন্ধের বিষয়টি হোটেল কর্তৃপক্ষ সদর থানা পুলিশকে জানায়। খবর পেয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল ইসলাম সহ সদর থানা পুলিশের একাধিক টিম ঘটনাস্থলে উপস্থিত হন। এসময় পুলিশ হোটেল ইজাজ প্লাজার চার তলার একটি তালাবদ্ধ ঘর থেকে অটোচালকের মরদেহ উদ্ধার করে। প্রাথমিকভাবে লাশটি মেহেরপুর সদর উপজেলা শোলমারি গ্রামের অটোচালক আব্দুর রহমানের বলে সনাক্ত করা হয়েছে। ময়না তদন্ত শেষে বিষয়টি আরো পরিষ্কার করা হবে।

বাংলাদেশ কিন্ডারগার্টেন

মেহেরপুর জেলা শাখার কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্য হলেন অক্সফোর্ড কিন্ডারগার্টেনের পরিচালক জানে আলম, গাংনী প্রি ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ জালাল আহমেদকে সহ-সভাপতি, কেএমজি প্রি-ক্যাডেট অধ্যক্ষ গুলশান আরকে যুগ্ম সম্পাদক, চাইল্ড রাইজ মেমোরিয়াল একাডেমীর পরিচালক ফায়েলউদ্দীনকে কোষাধ্যক্ষ, ক্যারিয়ার প্রি-ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ কামাল হোসেনকে সাংগঠনিক সম্পাদক, মা-মিনা কিন্ডারগার্টেন অধ্যক্ষ শহিদুল ইসলামকে শিক্ষা বিষয়ক সম্পাদক, প্রত্যাশা প্রি-ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ নুরে আলম সিদ্দিক কে দপ্তর সম্পাদক, অনামিকা আইডিয়াল স্কুলের পরিচালক আনিসুর রহমানকে ক্রীড়া সাংস্কৃতিক সম্পাদক এবং হাজী গোলাম কাউসার গ্লোরিয়ার্স প্রি-ক্যাডেট একাডেমির পরিচালক শামসুজ্জামান শামীম, সবুজ ছায়া ইংলিশ ভার্সন এর পরিচালক আফরোজা ইসলাম, প্রেরণ আফ্রিকার একাডেমির প্রিন্সিপাল সেলিনা পারভিন সুমি, শান্তিনিকেতন কিন্ডারগার্টেনের অধ্যক্ষ মেহের আলী, শিশু শিক্ষা আদর্শ বিদ্যালয়ের অধ্যক্ষ রাফিজা জামন এবং রোজ ডেল কিন্টারগার্টেন এর অধ্যক্ষ শফিউর রহমান সুরুজকে সদস্য করা হয়েছে।

গাংনীতে চুরি যাওয়া

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শুক্রবার বালিয়াঘাট গ্রামের শুকুর আলী বাড়ির মধ্যে মোটরসাইকেল রেখে ঘরে চাবি রেখে নামাজ পড়তে বের হন। নামাজ পড়ে এসে দেখেন বাড়িতে মোটরসাইকেল নেই। মোটরসাইকেল না পেয়ে স্থানীয় বামন্দী ক্যাম্পে একটি লিখিত অভিযোগ দায়ের করেন। এঘটনায় মোটরসাকেল উদ্ধার ও চোরকে গ্রেপ্তারে মাঠে নামে পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে মোটরসাইকেল চোর অনিক আহমেদকে গ্রেপ্তার করে পুলিশ। পরে অনিকের দেওয়া তথ্যের ভিত্তিতে কুষ্টিয়া জেলার পোড়দহের কাটদহ এলাকায় অনিকের খালা শাশুড়ি বাড়ি থেকে মোটরসাইকেল উদ্ধার করে। তিনি আরো বলেন, অনিক মোটরসাইকেল চুরির সত্যতা স্বীকার করেন।

আজ খুলনা ও বরিশাল সিটিতে

করবে নির্বাচন কমিশন। খুলনার রিটার্নিং কর্মকর্তা মো. আলাউদ্দিন জানান, পর্যাপ্ত পরিমাণ আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন থাকবে। জনগণ যেন নিজের ভোটটা নিজে দিতে পারে সেজন্য সব পদক্ষেপ আমরা গ্রহণ করবো।

এদিকে, বরিশালে মোট ভোট কেন্দ্র ১২৬টি। এরমধ্যে ঝুঁকিপূর্ণ ১০৬টি। এই নির্বাচনে দায়িত্ব পালন করবে প্রায় সাড়ে ৪ হাজার আইনশৃংখলা বাহিনীর সদস্য। তাদের পক্ষপাতহীনভাবে দায়িত্ব পালনের নির্দেশনা দেন পুলিশ কমিশনার। এরইমধ্যে নির্বাচনি এলাকায় পৌঁছেছে ১০ প্লাটুন বিজিবি। সেই সঙ্গে বিভিন্ন জায়গায় বসানো হয়েছে চেকপোস্ট।

বরিশাল সিটি নির্বাচনে ১২৬টি কেন্দ্রের নিরাপত্তায় বসানো হয়েছে ১১শর বেশি সিসি ক্যামেরা। নগরের নিরাপত্তায় বহিরাগতের নির্বাচনি এলাকা ছাড়ার নির্দেশ নির্বাচন কমিশনের।

১১ জুন শুধু শেখ হাসিনার

বন্দি করার জন্য, গণতন্ত্রের পায়ে শেকল পরানোর জন্যই বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনাকে ২০০৭ সালে ১৬ জুন গ্রেপ্তার করা হয়েছিলো। সুতরাং আজকের এই দিনটি শুধু ব্যক্তি জননেত্রী শেখ হাসিনার মুক্তি দিবস নয়, গণতন্ত্রের মুক্তি দিবস।’

গতকাল রোববার দুপুরে সচিবালয়ে প্রেস ইনস্টিটিউট অভ বাংলাদেশ (পিআইবি) প্রকাশিত ‘সংবাদপত্রে বঙ্গবন্ধু : জুলিও কুরি ও এশীয় শান্তি সম্মেলন’-গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. ফারুক আহমেদ, পিআইবি’র মহাপরিচালক জাফর ওয়াজেদ, সহযোগী সম্পাদক এ কে এম শামসুদ্দিন, গ্রন্থকার ও গবেষক পপি দেবী থাপা প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

খালেদা জিয়া সুস্থ হলে বাকি

হয়েছে। যেহেতু তিনি একজন দণ্ডপ্রাপ্ত তাই তার দেশের বাইরে যাওয়ার কোন সুযোগ নেই। যদি তিনি সুস্থ হয়ে থাকেন তাহলে তাকে বাকি সাজা খাটতে হবে।

গতকাল রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে ‘মিট দ্য রিপোর্টার্স’ অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, সংবিধান অনুযায়ী খালেদা জিয়ার নির্বাচন করার কোন সুযোগ নেই। পাশাপাশি পলাতক তারেক রহমান একজন সাজাপ্রাপ্ত আসামি, তিনিও নির্বাচনে অংশ নিতে পারবেন না।

১০ বছর পরে জামায়াতের মাঠে নামা প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে আনিসুল হক বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সমাবেশের অনুমতি দিয়ে থাকে। উনারা কী বিবেচনায় দিয়েছেন, আমার মনে হয় এটা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃপক্ষকে প্রশ্ন করলে ভালো হবে।

নির্বাচনকালীন সরকার হবে কি

না থাকল অথবা সংসদে কতজন সদস্য আছে বা নেই তাতে কিছু আসে যায় না। গতকাল রোববার রাজধানীর বনানীতে জাতীয় পার্টির চেয়ারম্যানের কার্যালয়ে উপস্থিত কয়েকজন গণমাধ্যমকর্মীর সঙ্গে আলাপকালে এসব কথা বলেন জাতীয় পার্টির চেয়ারম্যান।

প্রধানমন্ত্রীকে তার জায়গায় রেখে কোনো পরিবর্তনকে পরিবর্তন বলে মনে করেন না উল্লেখ করে জিএম কাদের বলেন, বর্তমান পদ্ধতিতে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। বর্তমান পদ্ধতির পরিবর্তন হলেই সুষ্ঠু নির্বাচন হতে পারে। কী পদ্ধতিতে হয় সেটার ওপর অনেক কিছু নির্ভর করে।

বিএনপির অপরাজনীতির নীতি

ছিনিমিনি খেলায় জনগণ তাদেরকে প্রত্যাখ্যান করেছে।

তিনি বলেন, আওয়ামী লীগ কখনো জনগণের সঙ্গে প্রতারণা করে নাই। আওয়ামী লীগ ও এদেশের জনগণের সম্পর্ক ঐতিহাসিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। আওয়ামী লীগ জনগণের কাছে যখন যে ওয়াদা করেছে তা বাস্তবায়ন করেছে। এ কারণে দেশের জনগণও বারবার আওয়ামী লীগকে ভোট দিয়ে ক্ষমতায় বসিয়েছে।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, তত্ত্বাবধায়ক সরকার নিয়ে মির্জা ফখরুল ইসলাম বরাবরের মতো ভাঙা রেকর্ড বাজিয়ে চলেছে। একমাত্র বিএনপি ও তাদের ঘিরে থাকা অগণতান্ত্রিক শক্তির কাছে তত্ত্বাবধায়ক সরকার লাইভ ইস্যু হলেও জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গণতান্ত্রিক মূল্যবোধসম্পন্ন সকল মানুষের কাছে তত্ত্বাবধায়ক সরকার একটি ডেড ইস্যু।

ঈদের আগে বাড়ছে রেমিট্যান্স

এ ধারা অব্যাহত থাকলে মাস শেষে প্রায় দুই বিলিয়নের কাছাকাছি (১৯০ কোটি ডলারের বেশি) চলে যাবে। এর আগে সব শেষ মে মাসের পুরো সময়ে ১৬৯ কোটি ১৬ লাখ ৩০ হাজার ডলার এসেছিল। সে হিসাবে এখন পর্যন্ত চলতি মাসে রেমিট্যান্সের প্রবাহ ভালো। কেন্দ্রীয় ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা বলছেন, সামনে যেহেতু কোরবানি ঈদ, তাই ঈদ কেন্দ্র করে মাসের বাকি সময়ে আরও বেশি রেমিট্যান্স আসবে। তাদের ভাষ্যমতে, কোরবানির ঈদে কোরবানিবাবদ এবং একই সময়ে কেনাকাটার জন্যও প্রবাসীরা নিজ পরিবারের কাছে রেমিট্যান্স পাঠাবেন। এ ধারা অব্যাহত থাকলে মাস শেষে দুই বিলিয়ন ডলারের কাছাকাছি চলে আসবে।

ফের ফাইনালে স্বপ্নভঙ্গ

স্কোরবোর্ডে ২৩৪ রান তুলে অলআউট হয় ভারত। এরফলে ২০৯ রানের জয়ে টেস্ট চ্যাম্পিয়নের মুকুট পরলো অজিরা।

৩ উইকেটে ১৬৪ রান নিয়ে পঞ্চম দিনের খেলা শুরু করেছিল অস্ট্রেলিয়া। শেষদিনে শুরু থেকেই দাপট ছিল অজি পেসারদের। স্কট বোল্যান্ডের করা প্রথম ওভারেই ছিল সেটার আভাস। মেইডেন ওভারে শুরু করা এই পেসারের তাপেই শেষ পর্যন্ত পুড়েছে ভারত!

দিনের প্রথম বাউন্ডারি পেতে ভারতকে অপেক্ষা করতে হয় ২৩ বল! অন্যদিকে দিনের প্রথম সাফল্য পেতে অজিদের অপেক্ষা করতে হয়েছে ৩৮ বল। বোল্যান্ডের করা ৪৭তম ওভারের তৃতীয় বলটি ফুল লেন্থে ছিল, সেখানে ড্রাইভ করতে গিয়ে ঠিকমতো টাইমিং করতে পারেননি কোহলি।

পুলিশের আট কর্মকর্তা হলেন ডিআইজি

যুগ্ম কমিশনার মো. জাকির হোসেন খান, পুলিশ সদরদপ্তরের অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ আব্দুল্লাহিল বাকী, ডিএমপির যুগ্ম কমিশনার বিপ্লব বিজয় তালুকদার ও পুলিশের বিশেষ শাখার অতিরিক্ত ডিআইজি মো. মনিরুজ্জামান।জনস্বার্থে এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে বলেও প্রজ্ঞাপনে বলা হয়।

এশিয়ার ১০০ বিজ্ঞানীর তালিকায়

ভূমিকা রাখা গবেষক ও উদ্ভাবকদের এবার বেছে নেওয়া হয়েছে।

গাওসিয়া ওয়াহিদুন্নেছা চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক। তিনি কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে প্রাণিবিদ্যায় (জলভূমি পরিবেশবিদ্যা) বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠান ওয়াইল্ডটিমের একজন বোর্ড সদস্য তিনি, যেটি বাংলাদেশের বিলুপ্তপ্রায় প্রাকৃতিক সম্পদ রক্ষায় কাজ করে। গাওসিয়া বাংলাদেশের জলজ বাস্তুতন্ত্র এবং ঝুঁকিপূর্ণ প্রজাতির প্রাণি সংরক্ষণে অবদানের জন্য ২০২২ সালে ওডব্লিওএসডি-এলজাইভার ফাউন্ডেশন পুরস্কার পান। এখন তিনি জলপথে প্লাস্টিক দূষণের ঝুঁকি বিষয়ে কাজ করছেন বলে এশিয়ান সায়েন্টিস্টের প্রতিবেদনে বলা হয়েছে।

সেঁজুতি সাহা একজন অণুজীববিজ্ঞানী। জীববিজ্ঞানে বিশেষ অবদান রাখার জন্য এই তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন তিনি।

কাঁঠালের বিচির হালুয়া তৈরির রেসিপি

ফিচার ডেস্ক

কাঁঠালের বিচির আছে নানা পুষ্টি উপকারিতা। এটি দিয়ে বিভিন্ন ধরনের সুস্বাদু খাবারও তৈরি করা যায়। বিভিন্ন পদের তরকারি রান্নায় কাঁঠালের বিচি ব্যবহার করা হয়। কাঁঠালের বিচি দিয়ে রান্না মাংস অনেকের কাছেই পছন্দের খাবার। এটি দিয়ে তৈরি করা যায় মিষ্টি খাবারও। তেমনই একটি হলো কাঁঠালের বিচির হালুয়া। চলুন জেনে নেওয়া যাক রেসিপি-

কাঁঠালের বিচি- আধা কেজি
কনডেন্সড মিল্ক- আধা কৌটা
চিনি- আধা কাপ
গুঁড়া দুধ- আধা কাপ
কিশমিশ- ২ টেবিল চামচ
পেস্তা বাদাম কুচি- ২ টেবিল চামচ
এলাচ-দারুচিনি- ৩/৪টি
ঘি- আধা কাপ
জাফরান ভেজানো গোলাপজল- পরিমাণমতো।

যেভাবে তৈরি করবেন

কাঁঠালের বিচি খোসা ছাড়িয়ে উপরের লাল আবরণ তুলে নিন। এরপর পরিষ্কার পানিতে কাঁঠালের বিচিগুলো সেদ্ধ করে বেটে নিন। প্যানে ঘি দিয়ে এলাচ, দারুচিনি ও কিশমিশ দিয়ে বাটা কাঁঠালের বিচি দিয়ে দিন।

এবার এতে চিনি ও কনডেন্সড মিল্ক দিয়ে নাড়তে থাকুন। গুঁড়া দুধ ও বাদাম কুচি দিয়ে আবারও নাড়তে থাকুন।

খেয়াল রাখুন যেন লেগে না যায়। শুকিয়ে এলে জাফরান ভেজানো গোলাপজল দিয়ে নামিয়ে নিন।

একটি ট্রেতে সামান্য ঘি মাখিয়ে নিন। এবার তাতে হালুয়া ঢেলে হাত দিয়ে চেপে সমান করে দিন। ঠান্ডা করে পছন্দসই মাপে কেটে পরিবেশন করুন।

হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়ায় পরিচিত এই খাবারগুলো

ফিচার ডেস্ক

বিশ্বে প্রতি বছর হার্ট অ্যাটাকের কারণে মৃত্যুর সংখ্যা কম নয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দেওয়া তথ্য অনুযায়ী ২০১৯ সালে হৃদরোগের কারণে প্রায় ২ কোটি মানুষের মৃত্যু হয়েছে। যা ওই বছরের বিশ্বব্যাপী মৃত্যুর প্রায় ৩২ শতাংশ। করোনা পরবর্তী সময়ে প্রায় ৮৫ শতাংশ মৃত্যুর ক্ষেত্রে প্রধান কারণ হিসেবে কাজ করছে হার্ট অ্যাটাক।

হার্ট অ্যার্টাক কেন হয়?

বর্তমানে হার্ট অ্যাটাক একটি পরিচিত সমস্যা।

এটি শুধু বয়স্কদের ক্ষেত্রে নয়, অল্প বয়সীদের ক্ষেত্রেও ঘটছে। হার্ট অ্যার্টাকে হৃৎপিন্ডর পেশিতে রক্ত সঞ্চালন ঠিকমতো হয় না। অনেক সময় বন্ধ হয়ে যায়। রক্তনালীতে ব্লকেজ হলে খিঁচুনি দেখা যায়। বুকে চাপ লাগে। যা করোনারি আর্টারি ডিজিজের অন্যতম প্রধান কারণ। পারিবারিক ইতিহাস, অনিয়ন্ত্রিত জীবনযাত্রা, অতিরিক্ত মানসিক চাপ, খাবারে অনিয়ম ইত্যাদি কারণে হতে পারে হার্ট অ্যাটাক। আমাদের পরিচিত কিছু খাবার এই সমস্যাকে ডেকে আনতে পারে। জেনে নিন, হার্ট অ্যাটাক এড়াতে কোন খাবারগুলোতে নিয়ন্ত্রণ আনবেন-

চিনি ও লবণ

খাবারের স্বাদের জন্য ব্যবহার করা হয় লবণ ও চিনি। কিন্তু বেশিরভাগ মানুষই এই দুই খাবার অতিরিক্ত খেয়ে থাকে।

যে কারণে শরীরে দেখা দেয় নানা সমস্যা। লবণ ও চিনি অতিরিক্ত খেলে তা হার্টের সমস্যা বাড়াতে পারে।

সব ধরনের ফ্রোজেন ফুড ও ফাস্ট ফুডে লবণ ও চিনি বেশি থাকে। তাই এ ধরনের খাবার বাদ দিতে হবে।

এর বদলে খেতে হবে শাক-সবজি, ফল, দানা শস্য, লো ফ্যাট খাবার, প্রোটিন, দুধ ইত্যাদি।

রেড মিট বাদ দিন

খেতে ভালো হলেও শরীরের জন্য ক্ষতিকর হলো রেড মিট। রেড মিট খেলে হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়ে। কারণ এ ধরনের মাংসে থাকে প্রচুর স্যাচুরেটেড ফ্যাট। যে কারণে রক্তনালীতে কোলেস্টেরল জমার ভয় বেড়ে যায়। রক্তে কোলেস্টেরল জমলে বাড়ে হার্ট অ্যাটাকের ঝুঁকি। তাই হার্টের সমস্যা থাকলে খাবারের তালিকা থেকে রেড মিট বাদ দিন।

কোমল পানীয়

একটু ভারী খাবার খেলেই কোমল পানীয় পান করার অভ্যাস থাকে অনেকের। এ ধরনের পানীয়তে প্রচুর চিনি থাকে। অতিরিক্ত চিনি খেলে তা ডায়াবেটিস, কোলেস্টেরল, উচ্চ রক্তচাপ ও স্থুলতার জন্য দায়ী হতে পারে। তাই কোমল পানীয় পান করা বাদ দিন। এর বদলে লেবুপানি, পানি, ডাবের পানি ইত্যাদি খাওয়ার অভ্যাস করুন।

বিস্কুট ও চানাচুর

প্রতিদিন নাস্তা হিসেবে যেসব বিস্কুট, চানাচুর, ঝুরিভাজা, চিপস বা এ ধরনের খাবার খান তাতে থাকে প্রচুর ক্যালোরি।

এছাড়াও থাকে প্রচুর লবণ ও চিনি। যা ট্রাইগি-সারাইড বেড়ে যাওয়ার অন্যতম কারণ।

এসব খাবার তৈরির প্রধান উপকরণ হলো ময়দা। যা রক্তে শর্করার পরিমাণ বাড়িয়ে দেয়। তাই এ ধরনের খাবারের ক্ষেত্রে নিয়ন্ত্রণ আনতে হবে।

পাস্তা, ভাত, লুচি

পাস্তা, ভাত, লুচি জাতীয় খাবারে থাকে প্রচুর কার্বোহাইড্রেট। অতিরিক্ত ভাত খেলে তা ওজন বাড়িয়ে দিতে পারে।

ওজন বাড়লে তার হাত ধরে আসতে পারে হার্টের সমস্যা।

তাই এ ধরনের খাবার খাওয়ার ক্ষেত্রে পরিমাণ নির্ধারণ করে নিন।

পিরিয়ডে পেট ব্যথা দূর করবে এই খাবারগুলো

ফিচার ডেস্ক

পিরিয়ডের সময়টা বেশিরভাগ মেয়ের জন্যই কষ্টদায়ক। এসময় গ্যাস্ট্রিক, বমি ইত্যাদির সঙ্গে বেড়ে যায় পেট ব্যথাও। এদিকে দীর্ঘদিন ধরে পেইন কিলার খেতে থাকলে তা নানা পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে আসতে পারে। ওষুধের ওপর নির্ভরশীল না হয়ে খাদ্যাভ্যাসে পরিবর্তন আনার মাধ্যমে এই ব্যথা উপশম করা সম্ভব। জেনে নিন পিরিয়ডের ব্যথা থেকে বাঁচতে কোন ধরনের খাবার খাবেন-

আয়রন সমৃদ্ধ খাবার

মাসের নির্দিষ্ট দিনগুলোতে শরীর থেকে অনেকটা রক্ত বেরিয়ে যাওয়ার কারণে নারীর শরীরে আয়রনের ঘাটতি দেখা দেয়। যে কারণে ক্লান্তি ও আলস্য আসে। শরীরে আয়রনের ঘাটতি থাকলে পিরিয়ডের সময় পেটে ব্যথা ও ক্লান্তি দেখা দেয়। তাই নারীর প্রতিদিনের খাবারের তালিকায় রাখা জরুরি সবুজ শাক-সবজি, বেদানা, খেজুর, বিটের মতো আয়রন সমৃদ্ধ খাবার।

ফাইবার সমৃদ্ধ খাবার

ফাইবার সমৃদ্ধ খাবার খেলে তা আমাদের শরীর থেকে বর্জ্য ও বিষাক্ত পদার্থ সহজে বের করে দেয়। সেইসঙ্গে অতিরিক্ত ইস্ট্রোজেন হরমোনের ক্ষরণ অপসারণ করার প্রক্রিয়া বাড়িয়ে দেয় এই উপাদান। যে কারণে ফাইবার সমৃদ্ধ খাবার খেলে পেটে ব্যথা অনেকটাই কমে যায়। সেইসঙ্গে এটি অনিয়মিত পিরিয়ডের সমস্যাও দূর করে।

তুলসি পাতাও উপকারী

উপকারী একটি ভেষজ হলো তুলসি পাতা। এতে থাকে প্রয়োজনীয় ভিটামিন-মিনারেল, ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড ও প্রোটিন। এই পাতা পিএমএস উপশমেও সাহায্য করে। তুলসি পাতা খেলে তা শরীরে ইনসুলিনের মাত্রা নিয়ন্ত্রণ এবং মাসিক চক্র নিয়মিত করতেও সাহায্য করে। তাই পিরিয়ডে পেট ব্যথা থেকে বাঁচতে নিয়মিত তুলসি পাতার রস খাওয়ার অভ্যাস করুন।

ঘি খেলে ব্যথা দূর হয়

ঘি এর আছে অনেক উপকারিতা। সুন্দর গন্ধ ও স্বাদের জন্য এটি সবার কাছেই পছন্দের। পিরিয়ডের সময়ে প্রতিটি খাবারের সঙ্গে এক চা চামচ ঘি মিশিয়ে খান। এতে পিরিয়ড সংক্রান্ত নানা সমস্যা দূর হবে। সেইসঙ্গে মিলবে আরও অনেক উপকারিতা।

হলুদ খাবেন যে কারণে

হলুদে আছে উচ্চ মাত্রার অ্যান্টিঅক্সিডেন্টধর্মী উপাদান। এটি পিরিয়ডের সময় হরমোনজনিত ভারসাম্য রক্ষা করতে কাজ করে। এতে থাকা অ্যান্টিস্পাসমোডিক ও অ্যান্টি-ইনফ্লেমেটরি উপাদান পিরিয়ড ও পিএমএস এর উপসর্গ নিয়ন্ত্রণ করে। হলুদ ও আদার মিশ্রণ খেলে তা মাসিক চক্র নিয়ন্ত্রণে সাহায্য করে। ১ চা চামচ হলুদ ও ১ টেবিল চামচ আদা পানিতে ফুটিয়ে হালকা গরম অবস্থায় পান করুন।

পানি পান করুন

পর্যাপ্ত পানি পানের বিকল্প নেই। শরীরে পানির ঘাটতি না থাকলে যেকোনো রোগের বিরুদ্ধে লড়াই করা অনেক সহজ হয়ে যায়। পিরিয়ডের সময়ে অনেকের ক্ষেত্রে পেট ফাঁপা বা পেট ফোলার মতো সমস্যা হতে পারে। এই সমস্যা কমাতে পর্যাপ্ত পানি পান করা উচিত। হালকা গরম পানি পান করলে তা পিরিয়ডের সময় পেট ব্যথা কমাতে কাজ করে।

ম্যাগনেশিয়াম সমৃদ্ধ খাবার

জরায়ুর পেশি শিথিল করতে সাহায্য করে ম্যাগনেশিয়াম নামক উপকারী উপাদান। যে কারণে কমে পিরিয়ডের সময়ে পেটে ব্যথা। তাই পিরিয়ডে পেটে ব্যথা এড়াতে খেতে হবে ম্যাগনেশিয়াম সমৃদ্ধ খাবার। এই তালিকায় রয়েছে ডার্ক চকোলেট, অ্যাভোকাডো, ছোলা, মটর, টোফু, দানা শস্য ইত্যাদি।

চমচম তৈরির রেসিপি

ফিচার ডেস্ক

মিষ্টি খেতে ভালোবাসেন এমন মানুষের কাছে চমচম একটি পছন্দের নাম। দোকান থেকে কিনে আনা চমচম স্বাস্থ্যকর নাও হতে পারে। এক্ষেত্রে ঘরে তৈরি করে খাওয়াই উত্তম। তবে রেসিপি না জানার কারণে এটি অনেকেই তৈরি করতে পারেন না। চমচম তৈরিতে সময় একটু বেশি লাগলেও এটি তৈরিতে উপকরণ লাগে অল্প। সেইসঙ্গে তৈরির প্রক্রিয়াও অনেক সহজ। চলুন জেনে নেওয়া যাক ঘরেই চমচম তৈরির রেসিপি-

মিষ্টি তৈরি করতে যা লাগবে

ছানা- ১ কাপ
ময়দা- ১ চা চামচ
সুজি- ১ চা চামচ
চিনি- ১ চা চামচ
এলাচ গুঁড়া- ১ চিমটি।

চুলের জন্য কোন তেল উপকারী?

ফিচার ডেস্ক

চুলে তেল ব্যবহারের উপকারিতা সম্পর্কে জানা আছে নিশ্চয়ই? আপনি যদি চুলে তেল ব্যবহার না করেন, তবে চুলের রং, দৈর্ঘ্য, উজ্জ্বলতা সবই নষ্ট হবে। চুল ভালো রাখতে চাইলে তেল ব্যবহার করার বিকল্প নেই। এদিকে বাজারে নানা ধরনের তেল পাওয়া যায়। কোনটি ব্যবহার করলে বেশি উপকার পাবেন, তা জানা থাকাও জরুরি। জেনে নিন চুলের যত্নে কোন তেলগুলো বেশি উপকারী-

নারিকেল তেল

চুলে প্রোটিনের জোগান দেয় নারিকেল তেল। এই তেলে থাকে লরিক অ্যাসিডের ও ফ্যাটি অ্যাসিড যা চুলকে নানা ধরনের ক্ষতিকর পদার্থ থেকে বাঁচায়। শুষ্ক ও রুক্ষ চুলের কন্ডিশনার হিসাবে ব্যবহার করতে পারেন নারিকেল তেল। এই তেলে আছে তাপ সুরক্ষা বৈশিষ্ট্য। যা চুলকে ইউভি রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে বাঁচায়। অ্যান্টিব্যাকটেরিয়াল এবং অ্যান্টিফাঙ্গাল বৈশিষ্ট্যের কারণে নারিকেল তেল চুলের জন্য বেশি উপকারী।

অর্গান অয়েল

অর্গান অয়েল বেশিরভাগ চুলের প্রসাধনী প্রোডাক্টে ব্যবহার করা হয়। এই তেলে আছে টোকোফেরল, পলিফেনল এবং অ্যান্টিঅক্সিডেন্ট। সেইসঙ্গে আছে ভিটামিন এ, সি, ই এবং লিনোলেনিক অ্যাসিড, যা চুলে পুষ্টি জোগানোর পাশাপাশি কন্ডিশনার হিসাবে কাজ করে। চুলের গোড়ায় প্রদাহ, খুশকি ও চুলকানি দূর করতেও এই তেল ব্যবহার করা হয়। এটি চুলের পুষ্টির ঘাটতি পূরণ করে। নিয়মিত অর্গান অয়েল ব্যবহার করলে চুলের আগা ফাটা ও চুল ভেঙে যাওয়ার সমস্যা কমে।

টি ট্রি অয়েল

এটি প্রাকৃতিক তেল। এই তেলে আছে অ্যান্টিইনফ্লেমেটরি, অ্যান্টিব্যাকটেরিয়াল এবং অ্যান্টিফাঙ্গাল বৈশিষ্ট্যে। খুশকি, সেবোহেরিক ডার্মাটাইটিস এবং ফলিকুলার সংক্রমণের চিকিৎসার কাজে ব্যবহার করা হয় টি ট্রি অয়েল। চুলে উঁকুন বাসা বাঁধলে টি ট্রি অয়েল ব্যবহার করতে পারেন।

ক্যাস্টর অয়েল

চুল পড়ার সমস্যা কমাতে জাদুর মতো কাজ করে ক্যাস্টর অয়েল। এই তেলে আছে মনোস্যাচুরেটেড অ্যাসিড। ফলে ক্যাস্টর অয়েল ব্যবহার করলে চুলের আর্দ্রতা ধরে রাখা সহজ হয়। সেইসঙ্গে প্রতিরোধ করা যায় চুলের শুষ্কতাও। এই তেলে রিসিনোলেইক এসিড থাকে। যে কারণে এটি ব্যবহারে চুলের গোড়ায় দিলে রক্ত সঞ্চালন বাড়ে।

বিনোদন

এবার ঈদের সাজে থাকবে হালকা মেকআপ

বিনোদন ডেস্ক

শিশুশিল্পী থেকে চলচ্চিত্রে নিয়মিত নায়িকা হিসেবে কাজ করে যাচ্ছেন প্রার্থনা ফারদিন দীঘি। সাজগোজ ও ত্বকের যত্নেও বেশ সচেতন এই নায়িকা।

আসছে ঈদের সাজগোজ নিয়ে কী ভাবছেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ঈদের মেকআপ নেওয়া হয় বিকেল ৩টার পরে। সকালে গরুর মাংস কেটে তা বাসায় নিয়ে আসা। এরপর মাংস বণ্টন করা শেষ হলে তা রান্না করা। বাসা গোছানো শেষে সুন্দর করে মেকআপ নেওয়াটা কঠিন হয়ে পড়ে। ঈদের দিন দু-একটা নতুন ছবি না তুললেই নয়, তাই ঈদের নতুন জামাটা পরে একটু মেকআপ করতেই হয়। তারপর ছবি তুলি।

মেকআপ দেওয়া নিয়ে দীঘি বলেন, এবার যেহেতু বেশি গরম পড়েছে, তাই হালকা মেকআপ থাকবে। তবে স্কিন কেয়ার মেকআপ দিতে হয়, যাতে সেটা দীর্ঘসময় ধরে থাকে। মেকআপের আগে আমি ত্বকে আইস পপ করে মেকআপ শুরু করি। আমার যদি সময় বা ধৈর্য থাকত তাহলে আমি ত্বকের যত্নে বেশি সময় দিতাম।

তিনি আরও বলেন, রাতে ঘুমাতে যাওয়ার আগে ত্বকের যত্ন নেওয়াটা আমি খুব জরুরি বলে মনে করি। আমি যখন ঘুমাতে যাই তখন আমি যে সুন্দরভাবে নিশ্বাস নিচ্ছি ও ঘুমাচ্ছি, আমার শরীর একটা প্রশান্তি নিয়ে বিশ্রাম নিচ্ছে। ঠিক একইভাবে আমার ত্বকটাও যেন সুন্দরভাবে ঘুমায় বা বিশ্রাম নিতে পারে, সেদিকে খেয়াল রাখি। কাজে ব্যস্ত থাকি, তবুও চেষ্টা করি ত্বকের বিশেষ যত্ন নিতে।

সুনেরাহর ফেসবুক অ্যাকাউন্ট উধাও!

বিনোদন ডেস্ক

সাম্প্রতিক সময়ে বেশ অস্বস্তিকর পরিস্থিতি পার করছেন অভিনেত্রী সুনেরাহ বিনতে কামাল। চিত্রনায়ক শরিফুল রাজের ফেসবুক অ্যাকাউন্ট থেকে ফাঁস হওয়া নিজের ব্যক্তিগত ছবি ও ভিডিও নিয়ে তুমুল সমালোচনার মুখে পড়েন অভিনেত্রী। ভিডিওতে ব্যবহৃত বন্ধুমহলের ভাষা নিয়ে পরবর্তীতে দুঃখ প্রকাশও করেছিলেন সুনেরাহ।

আহ্বান জানিয়েছিলেন, ব্যক্তিজীবন নিয়ে আলোচনা-সমালোচনা না করে তার কাজ নিয়ে করতে। যদিও এতে সমালোচনা থামেনি। আর তাই কিনা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে উধাও সুনেরাহর অ্যাকাউন্ট!

অনেকবার খুঁজেও মেলেনি তার অ্যাকাউন্টের হদিস। তবে তার পেজ এখনো অ্যাক্টিভ আছে। অ্যাকাউন্ট মুছে দেওয়ার বিষয়ে সুনেরাহর কোনো বক্তব্য পাওয়া যায়নি।

উল্লেখ্য, আসন্ন ঈদুল আজহায় মুক্তি পাবে সুনেরাহ অভিনীত সাইবার থ্রিলার সিনেমা ‘অন্তর্জাল’। এতে প্রিয়ম চরিত্রে অভিনয় করেছেন তিনি, যে কিনা পেশায় একজন রোবট ইঞ্জিনিয়ার। ‘ন ডরাই’-এর পর এটি এই অভিনেত্রীর দ্বিতীয় সিনেমা। দীপংকর দীপন পরিচালিত ছবিটিতে আরও অভিনয় করেছেন সিয়াম আহমেদ, বিদ্যা সিনহা মিম, এবিএম সুমন, মাশরুর ইনান, মোহাম্মদ আলী হায়দার, রওনক হাসান প্রমুখ।

অন্যদের নিয়ে একদমই চিন্তিত নই: অপু বিশ্বাস

বিনোদন ডেস্ক

সরকারি অনুদানে অপু বিশ্বাস প্রযোজিত ‘লাল শাড়ি’ সিনেমার সব ধরনের কাজ শেষ। আগামী সপ্তাহের শুরুতেই সেন্সরে সিনেমাটি জমা দেবেন অপু বিশ্বাস। সেন্সর ছাড়পত্র পেলেই ঈদে মুক্তি পাবে সিনেমাটি বলে শোনা যাচ্ছে।

মুক্তি প্রসঙ্গে অপু বিশ্বাস গণমাধ্যমকে বলেন, ‘আগামী ঈদে কমার্শিয়াল সিনেমা বলতে যা বোঝায় তা শুধু শাকিব খান অভিনীত প্রিয়তমাই মুক্তি পেতে যাচ্ছে। বাকি আর কী কী সিনেমা মুক্তি পেতে যাচ্ছে তা নিয়ে আমি একদমই চিন্তিত নই। যে কারণে আমি আগামী সপ্তাহের শুরুতেই আমার প্রযোজিত লাল শাড়ি সিনেমাটি সেন্সর ছাড়পত্রের জন্য জমা দেব।

যদি ঠিকঠাকভাবে সেন্সর ছাড়পত্র পেয়ে যাই, তাহলে আগামী ঈদেই মুক্তি পাবে এটি। আমি সিনেমাটি মুক্তি দেওয়ার জন্যও সবকিছু গুছিয়ে নিয়ে এসেছি। আমার সঙ্গে যারা ছিলেন তারাও আমার পাশে আছেন, আমাকে সাহস দিচ্ছেন, অনুপ্রেরণা দিচ্ছেন। যে কারণে আমি আরও আশাবাদী হয়ে উঠেছি।’

বন্ধন বিশ্বাসের পরিচালনায় সিনেমাটিতে অপু বিশ্বাসের নায়ক সাইমন সাদিক। উল্লেখ্য, বন্ধন বিশ্বাসের পরিচালনায় এর আগে অপু বিশ্বাস ‘ছায়া বৃক্ষ’ নামের একটি সিনেমায় অভিনয় করেছেন।

আরও অভিনয় করেছেন শহীদুজ্জামান সেলিম, রাশেদ মামুন অপু, দোয়েল ও সোমাসহ অনেকে।

আইটেম গানে নাচলেন নুসরাত ফারিয়া

বিনোদন ডেস্ক

চিত্রনায়িকা নুসরাত ফারিয়াকে এর আগেও আইটেম গানে নাচতে দেখা গেছে। রায়হান রাফির পরিচালনায় ‘সুড়ঙ্গ’ সিনেমায় এই নায়িকা আবারও আইটেম গানে কোমর দুলিয়েছেন।

আসছে ঈদুল আজহায় সিনেমাটি মুক্তির পরিকল্পনা করছেন নির্মাতা। সদ্য শেষ হয়েছে আইটেম গানের দৃশ্যায়ন।

‘কলিজা আর জান’ শিরোনামে গানটির কথা লিখেছেন রাসেল মাহমুদ। সুর ও সংগীতায়োজন করেছেন আরাফাত মহসীন নিধি।

ভিন্ন ধারার এই আইটেম গানে কণ্ঠ দিয়েছেন দিলশাদ নাহার কনা। গানে নুসরাত ফারিয়ার সঙ্গে কোমর দুলিয়েছেন আফরান নিশো।

রায়হান রাফি বলেন, ‘যে ঘরানায় গানটি করা হয়েছে এমনটি আগে দেশে হয়নি। অনেকটা বোম্বে স্টাইলে দৃশ্যায়ন করা হয়েছে।’

চলতি বছরের ফেব্রুয়ারিতে ‘সুড়ঙ্গ’ সিনেমার মহরত অনুষ্ঠিত হয়। মার্চ থেকে ঢাকার অদূরে সিলেটের সুনামগঞ্জ, চট্টগ্রাম এবং সর্বশেষ ঢাকায় এর শুটিং করা হয়। নাজিম উদ দৌলার গল্প ও চিত্রনাট্যে সিনেমাটি যৌথভাবে প্রযোজনা করেছে আলফা আই ও চরকি। সিনেমায় আফরান নিশোর বিপরীতে দেখা যাবে তমা মির্জাকে।

ঈদে ওটিটিতে আসছেন রাজ

বিনোদন ডেস্ক



সাম্প্রতিক সময়ে ব্যক্তিজীবন ঘিরেই আলোচনা-সমালোচনায় আছেন চিত্রনায়ক শরিফুল রাজ। নতুন কোনো কাজের খবর পাওয়া যাচ্ছিল না। ‘দামাল’ মুক্তির পর দীর্ঘদিন পর্দায় অনুপস্থিত এ অভিনেতা। অবশেষে ভক্ত-দর্শকদের জন্য সুখবর নিয়ে এলেন রাজ। আসন্ন ঈদে ওটিটি প্ল্যাটফর্মে আসছেন তিনি।

‘ইনফিনিটি ২’ ওয়েব সিরিজ দিয়ে ছোট পর্দায় কামব্যাক করছেন রাজ। সাতপর্বের নতুন এই সিজনের চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন ম্যাক্স রহমান। এটি নির্মাণ করেছেন মেহেদি হাসিব।

ইতোমধ্যে সিরিজটির টিজার প্রকাশিত হয়েছে। প্রায় ১ মিনিট দৈর্ঘ্যের টিজারটিতে অ্যাকশন অবতারে ধরা দিয়েছেন রাজ। তিনি বলেন, “এই ওয়েব সিরিজটির গল্প দর্শক পছন্দ করবে বলে আমার ধারণা। দীর্ঘদিন আমার নতুন কোনো কাজ আসেনি। ‘ইনফিনিটি ২’ ওয়েব সিরিজের মাধ্যমে দর্শকেরা আবার আমাকে খুঁজে পাবে। দেখার পর তাদের মতামতের অপেক্ষায় থাকলাম। এখন এর বেশি কিছু বলতে চাচ্ছি না।” ‘ইনফিনিটি ২’ ওয়েব সিরিজে রাজ ছাড়াও মুখ্য চরিত্রে আরও অভিনয় করেছেন আব্দুন নূর সজল, মুমতাহিনা চৌধুরী টয়া, সুমন আনোয়ার, সাঞ্জু জন, সামিয়া অথৈসহ অনেকে। ওয়েব সিরিজটি আসছে ঈদে ওটিটি প্ল্যাটফর্ম বিঞ্জে মুক্তি পাবে।

আমার জীবনে কোনো ক্রাশ নেই: বুবলী

বিনোদন ডেস্ক

ঢাকাই সিনেমার জনপ্রিয় নায়ক শাকিব খান ও চিত্রনায়িকা বুবলীর দাম্পত্য জীবনে চলছে টানাপোড়েন। এ নিয়ে আলোচনা-সমালোচনার শেষ নেই। দুজনে একে অপরের বিরুদ্ধে পাল্টাপাল্টি অভিযোগ করেছিলেন। সম্প্রতি গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন চিত্রনায়িকা বুবলী।

সেখানে নানা প্রশ্নের উত্তর দিয়েছেন বুবলী। তার কাছে জানতে চাওয়া হয়ড় বুবলীর প্রথম ক্রাশ কে ছিলেন? প্রশ্নোত্তরে বলেন, আমার জীবনে কোনো ক্রাশ নেই। আমি কখনো কোনো টিভিতে বা অন্যকিছুতে কাউকে দেখে ক্রাশ খাইনি। এক কথায় ক্রাস খাওয়া, ওয়াওড় এগুলো আমার মাঝে আসেনি।

শাকিবের সঙ্গে বিয়ে প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, এটা ব্যক্তিজীবনের ইস্যু ছিল। তবে ক্রাশ খেয়ে নয়।

তারকাখ্যাতি কেমন উপভোগ করছেন, এমন প্রশ্নোত্তরে তিনি বলেন, ভীষণ উপভোগ করি। আমার ভক্তদের প্রতি সবসময় কৃতজ্ঞ থাকি যে, তারা এত ভালোবাসা দিচ্ছে আমাকে। দিন দিন ভালোবাসাটা বেড়েই যাচ্ছে। আমরা কোথায় গেলে, তারা (ভক্ত) অনেক মূল্যবান সময় আমাদের জন্য ব্যয় করে। এটা উপভোগ করি। এতে ভক্তদের প্রতি কৃতজ্ঞতা বেড়ে যায়।

বাংলাদেশের কোন জায়গায় যেতে পছন্দ করেন? এমন প্রশ্নোত্তরে বুবলী বলেন, আমার দেশের সব জায়গা ভালো লাগে। তবে এখন যদি জানতে চাওয়া হয় তা হলে কক্সবাজার। সাগর আর পাহাড়ের মধ্যে সব থেকে ভালো লাগে পাহাড়। পাহাড়ে গেলে অনেক শান্ত লাগে। খুব ভালো লাগে। সমুদ্রকে ব্যক্তিগতভাবে অহঙ্কারি মনে হয়। আমি জানি, অনেকের সমুদ্র ভালো লাগে। কিন্তু সমুদ্র অনেক গর্জন করে। এ জন্যই কম পছন্দ হয়।